ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



স্ত্রীর প্রশংসায় যা বললেন রণবীর

পৃঃ ৫



বিশ্বকাপ মাতিয়ে টি-টোয়েন্টির শীর্ষ অলরাউন্ডার পান্ডিয়া

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ১৮৬ ● কলকাতা ● ২৪ আষাঢ়, ১৪৩১ ● মঙ্গলবার ● ০৯ জুলাই, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বিদ্যুতের মাশুল বৃদ্ধি নিয়ে

## এবার রীতিমতো সরব হলেন মুখ্যমন্ত্রী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ক্রমাগতই বেড়ে চলেছে বিদ্যুৎ-এর দাম। প্রতি মাসেই ইলেকট্রিক বিল দেখে কার্যত চমকে উঠছেন অনেকেই। মধ্যবিত্তের যেন ওষ্ঠাগত প্রাণ। আর এবার এই প্রসঙ্গেই মুখ খুললেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়! উল্লেখ্য, উত্তরবঙ্গের বন্যা নিয়ে রীতিমতো উদ্বিগ্ন প্রশাসন। যদিও আধিকারিকরা যে সবকিছু দিয়েই চেষ্টা চালাচ্ছেন, তা পরিষ্কার করে দিয়েছেন মমতা। কিন্তু বর্ষায় বিপদ যেন ক্রমশই বাড়ছে। আর এবার কলকাতায় সিইএসসি-র বিদ্যুৎ মাশুল বৃদ্ধি নিয়ে সরব হলেন রাজ্যের মুখ্যমন্ত্রী।বিদ্যুতের মাশুল বৃদ্ধি নিয়ে এবার রীতিমতো সরব হলেন মুখ্যমন্ত্রী।

মমতা বলছেন, সুযোগ পেয়েই সিইএসসি বিদ্যুৎ-এর মাশুল বাড়িয়ে দিয়েছে। কিন্তু সরকারকে যে তারা এইসব কিছু জানায়নি, সেই

এরপর ৩ পাতায়

## তিন দিনের সফরে এইবার

## রাশিয়া গেলেন প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদি



**বেবি চক্রবর্ত্তী: দিল্লী: নিউজ সারাদিন :** আগামী তিন দিন রাশিয়া ও অস্ট্রিয়াতে থাকবেন মোদী। এই সফরগুলি এই দেশগুলির সাথে সম্পর্ক গভীর করার একটি চমৎকার সুযোগ হবে, যাদের সাথে ভারত সময় বন্ধুত্ব পরীক্ষা করেছে।রাশিয়া সফরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২২ তম ভারত-রাশিয়া বার্ষিক সম্মেলনে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের আমন্ত্রণেই সফরে গেলেন প্রধানমন্ত্রী মোদী। আজ, সোমবার সকালেই তিনি রাশিয়ার উদ্দেশে রওনা দেন। এদিকে, প্রধানমন্ত্রী মোদীর এই রাশিয়া সফরকে ইর্ষার চোখে দেখছে পশ্চিমী দেশগুলি। ২০২২-এর পর প্রধানমন্ত্রীর প্রথম রাশিয়া সফর। জানা জায় , দুই দেশের রাষ্ট্রপ্রধানরা আঞ্চলিক ও বৈশ্বিক নানা ইস্যু নিয়ে আলোচনা ও বৈঠক করবেন। পুতিন ও মোদীর আলাদাভাবে কথা হতে পারে।

রাশিয়ার জনগন প্রধানমন্ত্রী মোদীর এই সফর নিয়ে উচ্ছ্বসিত। রাশিয়ার প্রেসিডেন্ট পুতিনের সেক্রেটারি সম্প্রতি একটি টিভি চ্যানেলকে দেওয়া সাক্ষাৎকারে বলেছিলেন, প্রধানমন্ত্রী মোদীর সফরের কর্মসূচি বড়।

## পুরীর রথযাত্রায় শ্বাসরুদ্ধ হয়ে মৃত্যু এক ব্যক্তির



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** প্রতি বছরের মত, কয়েক লক্ষ লোকের জমায়েত হয়েছিল পুরীর রথযাত্রা উপলক্ষে। এই বছর ভক্তের সমাগম অনেক বেশি কারণ রথযাত্রা এবার চলবে দুইদিন ধরে। ১৯৭১ সালের পরে এই প্রথম দুইদিন ব্যাপী রথযাত্রা অনুষ্ঠিত হয়।সূত্রের খবর অনুযায়ী, প্রবল গরমে ভিড়ের চাপে এক ব্যক্তির মৃত্যু হয় রথের দিন। প্রশাসনিক সূত্র মারফত জানানো হচ্ছে, মৃত্যুর কারণ শ্বাসরোধ হয়ে যাওয়া। যদিও লক্ষ লক্ষ লোকের সমাগম হয়েছিল কিন্তু পদপৃষ্ঠ হয়ে অথবা ভিড়ের চাপে কারো মৃত্যু হয়নি। পুলিশ সূত্র থেকে জানা যাচ্ছে যে ব্যক্তির মৃত্যু হয়েছে তিনি অত্যধিক গরম এবং সেই সাথে প্রবল ভিড়ে চাপ সহ্য করতে না পারায় তার মৃত্যু হয়। প্রশাসনের তরফ থেকে অ্যাম্বুলেন্স রাখা হয়েছিল যেকোনো রকম দুর্ঘটনার মোকাবিলা করার জন্য। এছাড়াও ভক্তদের উপরে জল ছিটিয়ে দেওয়া হচ্ছিল যাতে তাঁরা কিছুটা ঠান্ডা থাকতে পারেন। তৎসত্বেও বহু মানুষকে ভিড়ের মধ্যে থেকে বার করে এনে এম্বুলেন্সে করে চিকিৎসা কেন্দ্রে নিয়ে যেতে হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, যিনি উড়িষ্যায় জন্মগ্রহণ করেছিলেন এবং এখান থেকে এমএলএ হয়েছিলেন, এই রথযাত্রা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। রথের দড়ি টানা অনুষ্ঠানটি শুরু হয় বিকেল ৫.২০ সময়। পুরীর শংকরাচার্য স্বামী নিশ্চলানন্দ তার অনুগামীদের নিয়ে "চিরা পাহানরা" (রথ ঝাড় দেওয়া) অনুষ্ঠানটি শেষ করার পরে রথযাত্রা শুরু হয়।রাষ্ট্রপতি, উড়িষ্যার গভর্নর রঘুবর দাস, মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি এবং কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান রথের দড়ি টেনে অনুষ্ঠানের শুভ সূচনা

এরপর ৩ পাতায়

## ফের উত্তপ্ত জম্মু-কাশ্মীর



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ফের উত্তপ্ত জম্মু-কাশ্মীর। সোমবার ফের কাঠুয়া জেলায় সেনাবাহিনীর একটি গাড়িতে হামলা চালাল বেশ কয়েকজন জঙ্গিরা। জানা গিয়েছে, একটি পাহাড়ের উপর থেকে সেনার গাড়ি লক্ষ্য করে গুলি চালায় জঙ্গিরা। শুধু তাই নয় সেনার গাড়ি লক্ষ্য করে গ্রেনেড পাথর ছুড়েছে বেশ কয়েকজন জঙ্গি।সম্প্রতি ২৬ জুন জম্মু ও কাশ্মীরের ফের ডোডা জেলার একটি জঙ্গলে নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষ হয়। আর তাতে তিন জঙ্গি নিহত হয়। তবে লাগাতার হামলার জেরে নিরাপত্তা বাহিনী তাদের সন্ত্রাসবিরোধী অভিযান আরও জোরদার করেছে। তবে বারবার জম্মু-কাশ্মীরে এই হামলার জেরে ছড়িয়ে পড়েছে উত্তেজনা।এই হামলার পর কাঠুয়া জেলায় ব্যাপক তল্লাশি শুরু করেছে সেনা বাহিনী। তবে এই ঘটনায় এখন পর্যন্ত কোন প্রাণহানির খবর সামনে আসেনি। তবে জখম হয়েছে দুইজন জওয়ান।

এরপর ৩ পাতায়





**পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি**

তথ্য ও সংস্কৃতি বিভাগ □ পশ্চিমবঙ্গ সরকার

১/১ আচার্য জগদীশচন্দ্র বসু রোড, কলকাতা – ৭০০০২০

### মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে

**৫ টি আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালা**

পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি আগামী আগস্ট থেকে সেপ্টেম্বর ২০২৪–এর মধ্যে রাজ্যের ৫টি স্থানে একটি করে ৫দিনের আবাসিক নাট্য প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে। আগ্রহীরা পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমির সচিবকে উদ্দেশ্য করে আবেদন জানাতে পারেন।কর্মসূচি এবং নিয়মাবলি বিশদে নীচে দেওয়া হল।

| ক্রমিক সংখ্যা | বিভাগের নাম | তারিখ | স্থান | বিভাগের অন্তর্গত জেলা | সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ ও স্থান |
|---|---|---|---|---|---|
| ১ | মালদা বিভাগ | ১২ – ১৬ আগস্ট ২০২৪ | বহরমপুর | উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ | বহরমপুর ০২.০৮.২০২৪ |
| ২ | প্রেসিডেন্সি বিভাগ | ১৭ – ২১ আগস্ট ২০২৪ | বারুইপুর | কলকাতা, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, নদিয়া | আলিপুর (কলকাতা) ০৮.০৮.২০২৪ |
| ৩ | জলপাইগুড়ি বিভাগ | ২৮ আগস্ট – ০১ সেপ্টেম্বর ২০২৪ | কোচবিহার | আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং | কোচবিহার ০৫.০৮.২০২৪ |
| ৪ | বর্ধমান বিভাগ | ০৯ – ১৩ সেপ্টেম্বর ২০২৪ | বর্ধমান | পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, বীরভূম | পূর্ব বর্ধমান ০৯.০৮.২০২৪ |
| ৫ | মেদিনীপুর বিভাগ | ১৮ – ২২ সেপ্টেম্বর ২০২৪ | ঝাড়গ্রাম | বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পুরুলিয়া | ঝাড়গ্রাম ২২.০৮.২০২৪ |

যোগ্যতা : বয়স ১৮ থেকে ৩০ বছর। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। একজন মাত্র একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন, তাঁকে ওই বিভাগের যে কোনো জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। আবেদনে থাকতে হবে – নাম, বয়স, পিতা/মাতার নাম, স্থায়ী ঠিকানা, প্রথাগত শিক্ষা, লিঙ্গ, বিভিন্ন কলায় পারদর্শীতার অভিজ্ঞতা (যদি থাকে), যোগাযোগের ফোন নম্বর। দিতে হবে আধার কার্ডের কপি ও ১ টি পাসপোর্ট সাইজের ছবি। ২০ /০৭ /২০২৪ এর মধ্যে workshop.pbna@gmail.com –এ মেইল করে আবেদন করবেন। সাক্ষাৎকারের জন্য ডাক পেলে নিজের খরচায় আসতে হবে। নির্বাচিত হলে কর্মশালায় বিনা ব্যয়ে অংশগ্রহণ করা যাবে। শিবির শেষে শংসাপত্র পাওয়া যাবে।

যোগাযোগ : (০৩৩) ২২২৩ -১১৩২

সচিব
পশ্চিমবঙ্গ নাট্য আকাদেমি

# ভারি বর্ষণে বিপর্যস্ত মুম্বাই;

## বাতিল অর্ধশতাধিক ফ্লাইট, বন্ধ স্কুল-কলেজ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারি বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ভারতের পশ্চিমাঞ্চলীয় রাজ্য মহারাষ্ট্রের মুম্বাই শহর। প্রবল বর্ষণের জেরে শহরটিতে ব্যাপক জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে। এছাড়া শহরটির ব্যস্ত বিমানবন্দরে অর্ধশতাধিক ফ্লাইট বাতিল করা হয়েছে। বন্ধ ঘোষণা করা হয়েছে মুম্বাইয়ের সকল সরকারি, বেসরকারি স্কুল ও কলেজ। সোমবার ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় মুম্বাই এবং এর আশপাশের অঞ্চলে ভারি বৃষ্টিপাতের ফলে ব্যাপক জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে এবং শহরতলির ট্রেন পরিষেবাগুলো বিপর্যস্ত হয়ে পড়েছে। সোমবার মধ্যরাত ১টা থেকে সকাল ৭টা পর্যন্ত ভারতের এই নগরীর কিছু এলাকায় ৩০০ মিলিমিটারের বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

ভারতের আবহাওয়া বিভাগ (আইএমডি) মুম্বাই, থানে, পালঘর এবং কোঙ্কন বেল্টের জন্য কমলা সতর্কতা জারি করেছে। ভিক্রোলির বীর সাভারকর মার্গ মিউনিসিপ্যাল স্কুল এবং এমসিএমসিআর পাওয়াই গত ২৪ ঘণ্টার মধ্যে সর্বোচ্চ বৃষ্টিপাত দেখেছে। সেখানে ৩১৫ মিলিমিটারের বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে।

এনডিটিভি বলছে, বৃষ্টির কারণে ৫০টিরও বেশি ফ্লাইট বাতিল করা হয়েছে। বেশ কয়েকটি এয়ারলাইন্স সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্সে যাত্রীদের সতর্ক করেছে এবং বিমানবন্দরের উদ্দেশ্যে রওনা হওয়ার আগে তাদের ফ্লাইট স্ট্যাটাস চেক করার আহ্বান জানিয়েছে।

এদিকে, ভারি বৃষ্টির পর প্রকাশিত বিভিন্ন ছবিতে মুম্বাইয়ের লোকদের কোমর-সমান পানির মধ্যে দিয়ে হেঁটে যেতে এবং গাড়িগুলোকে মুম্বাইয়ের জলাবদ্ধ রাস্তায় সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। এই অবস্থায় মুম্বাই শহরজুড়ে সব সরকারি, বেসরকারি ও পৌরসভার স্কুল-কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।

অন্যদিকে, মুম্বাইয়ের ডোম্বিভলি স্টেশনে লোকেরা ডুবে থাকা রেললাইনের ট্র্যাকেই ট্রেনের জন্য অপেক্ষা করছে। ওয়ার্লি, বুনতারা ভবন, কুর্লা ইস্ট, মুম্বাইয়ের কিংস সার্কেল এলাকা, দাদর এবং বিদ্যাবিহার রেলস্টেশন থেকেও জলাবদ্ধতার খবর পাওয়া গেছে।

৩০ লাখেরও বেশি যাত্রী প্রতিদিন মুম্বাই এবং পার্শ্ববর্তী থানে, পালঘর ও রায়গড়ে শহরতলীর লোকাল ট্রেন পরিষেবাগুলো ব্যবহার করে থাকে। এছাড়া থানে জেলার কাসারা এবং টিটওয়ালা স্টেশনের মধ্যেও ট্রেন পরিষেবা স্থগিত করা হয়েছে। সকাল সাড়ে ৬টার দিকে এসব রেলওয়ে ট্র্যাককে অনিরাপদ ঘোষণা করা হয় বলে কর্মকর্তা জানিয়েছেন। কর্মকর্তারা বলেছেন, বৃষ্টি দুই ঘণ্টার বেশি বন্ধ থাকলে জলাবদ্ধতা কমবে। তবে আবহাওয়া অফিস দিনভর ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে। ভারতের আবহাওয়া বিভাগ আজ মুম্বাইয়ে ভারী থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

# বহু প্রতীক্ষিত স্বপ্ন সত্যি হয়েছে:

## সৌমেন কোলে

**পশ্চিম মেদিনীপুর: নিউজ সারাদিন :** "তফসিলি জাতি উপজাতি প্রাক্তন সৈনিক কৃষি উন্নয়ন শিল্প কেন্দ্র" এর কর্মীদের অপেক্ষার অবসান ঘটেছে তাদের দীর্ঘ প্রতীক্ষিত স্বপ্ন পূরণ হয়েছে। পশ্চিম মেদিনীপুরের বেলদায় সাংবাদিক বৈঠক করে উপরোক্ত দাবি করা হয়। দীর্ঘ দিন ধরে সংগঠনের সঙ্গে যুক্ত প্রায় ১০ হাজার কর্মচারীর কারণেই উল্লিখিত ফলাফল পাওয়া গেছে বলে দাবি করা হয়। সংগঠনের সম্পাদক সৌমেন কোলে যেভাবে সবাইকে নিয়ে কাজ করেছেন তা বিরল। ফলাফল হল যে ২০২৪ সালের মার্চ থেকে সমস্ত নিয়ম অনুসরণ করে, অন্তত কিছু লোক এর সুবিধা পেতে শুরু করে এবং ধীরে ধীরে এর গতিও বাড়তে থাকে। যা কিছু হয়েছে, তা সম্ভব হয়েছে কর্মকর্তা ও আয়োজকদের সম্মিলিত প্রচেষ্টায়। সংস্থাটি ২৩ আগস্ট ২০২৩ তারিখে ভারত সরকারের উপজাতি বিষয়ক বিভাগ দ্বারা একটি অনুমোদিত সংস্থা হিসাবে স্বীকৃত হয়েছে। এখন ওড়িশায় এর সুফল পেতে চলেছেন সংশ্লিষ্টরা। উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রলয় পান্ডা, স্বজল মুখার্জী, অচিন্ত্য প্রধান, বিপ্লব সাও, মিঠু দাস, ফকির মান্না, নবীন মাহাতো, কাকতি ব্যানার্জী, বিপ্লব সাও, রবিশঙ্কর পানিগ্রাহী ও শঙ্কর সেনাপতি।


টেন্ডার

TENDER NOTICE

E Tender is invited though online Bid System vide NIeT No. 02/Rampara-I GP/2024-2025, 03/Rampara-I GP/2024-2025, & 04/Rampara-I GP/2024-2025 with Vide Memo No. 131/Ram-I/15thCFC(Untied)/2024-25, 132/RamI/15thCFC(Tied)/2024-25 & 133/RamI/15thCFC(Tied)/2024-25 Dated:- 05/07/2024 by the Prodhan Rampara-I Gram Panchayat. Last Date of Application 16/07/2024 up to 2.00 PM Hours. Interested contractors please visit htpp://wbtenders.gov.in

Sd/-, Prodhan Rampara-I
Gram Panchayet
Rampara, Murshidabad












# স্যানিটেশন কর্মীদের নিয়ে

## কর্পোরেশন কমিশনারের সঙ্গে দেখা করেছে বিজেএমসির একটি প্রতিনিধিদল



**কলকাতা : নিউজ সারাদিন :** বিজেএমসির একটি প্রতিনিধিদল আজ কটক পৌর কর্পোরেশনের কমিশনারের সাথে দেখা করেছে এবং কটক পৌর কর্পোরেশনের অধীনে কর্মরত স্যানিটেশন কর্মীদের জন্য যথাযথ কাজের কিট দাবি করেছে। বৈঠক শেষে কমিশনার অজয় কুমার দাস উপরোক্ত উদ্দেশ্যে অবিলম্বে প্রজ্ঞাপন জারি করার নির্দেশ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন জাতীয় বিজেএমসির উপদেষ্টা বিশ্বপ্রিয় রায় চৌধুরী, বিজেএমসির জাতীয় সভাপতি অর্ণব চ্যাটার্জি মিঠু, ওড়িশা বিজেএমসির সভাপতি মানস বেরা, বিজেএমসি রাজ্যের জিএস সৌম্য রঞ্জন মহাপাত্র, গোপাল সরকার প্রমুখ।

# দিব্যত্রয়ী ভাবানুরাগী সম্মেলনে

## বৈদিক মন্ত্র উচ্চারণ দিয়ে আনন্দম্ এর অনুষ্ঠান শুরু



**বেবি চক্রবর্তী: নিউজ সারাদিন :** শনিবার গোলপার্ক রামকৃষ্ণ মিশনে বৈদিক মন্ত্রচ্চারণের মাধ্যমে আনন্দম্ এর অনুষ্ঠান এদিন শুরু করা হয়।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্বামী বলভদ্রানন্দজী মহারাজ, সহ সাধারণ সম্পাদক, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন বেলুড় মঠ, স্বামী শাস্ত্রজ্ঞানন্দজী মহারাজ সম্পাদক রামকৃষ্ণ মিশন আশ্রম নরেন্দ্রপুর, স্বামী সুপর্ণানন্দজী মহারাজ, সচিব, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার, গোলপার্ক, স্বামী শিবাধীশানন্দজী মহারাজ, রামকৃষ্ণ মিশন আশ্রম নরেন্দ্রপুর, এই অনুষ্ঠানের সঞ্চালক সায়ন দাস, ডা. মলয় দাশগুপ্ত, সভাপতি, সঞ্জীব ঘোষ সম্পাদক আনন্দম্। এদিন বিবেকানন্দ হল, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচার, গোলপার্কে প্রায় ৭০০ ভক্ত অনুরাগীদের উপস্থিতিতে এবং স্বেচ্ছাসেবকদের ভালোবাসায় স্বামীজির আদর্শ অনুসরণ করে সফল হয় আনন্দম্ এর অনুষ্ঠান।

শ্রীরামকৃষ্ণের শিব জ্ঞানে জীব সেবা আদর্শকে বাস্তবায়িত করার উদ্দেশ্যে অদ্বৈত আশ্রম এর বিবেকানন্দ স্টাডি সার্কেলের ছাত্র-ছাত্রীদের দ্বারা প্রতিষ্ঠিত টিম আনন্দম্ একটি ছোট্ট প্রতিষ্ঠান। এরা দীর্ঘদিন ধরে প্রচার বিমুখ হয়ে দরিদ্র ছেলেমেয়েকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন ২০২০ সেই মর্মান্তিক কোভিডের সময় এবং আমফান ঝড়ে এরা প্রচুর সেবা কাজ করেছেন। এযেন এক জাগ্রত ব্রত অদ্বৈত আশ্রম বিবেকানন্দ স্টাডি সার্কেলের সদস্যবৃন্দ।

# যাত্রী ত্রী নিরাপত্তা শিকেয় তুলে

## সময়ের আগেই গার্ড ছাড়া রওনা দিল ট্রেন, প্রশ্নের মুখে রেল পরিষেবা



**বেবি চক্রবর্তী: হুগলি: নিউজ সারাদিন :** যাত্রী না নামিয়েই চুঁচুড়া স্টেশন পেরিয়ে গিয়েছিল বর্ধমান লোকাল, তার রেশ কাটতে না কাটতেই রবিবার রাতে হাওড়া স্টেশনে ঘটলো গাফিলতি ও যাত্রী সুরক্ষায় অবহেলার ঘটনা। রবিবার রাতে হাওড়া স্টেশন থেকে নির্ধারিত সময়ের আগে গার্ড ছাড়াই রওনা দেয় হাওড়া-ব্যান্ডেল শেষ লোকাল। আতঙ্কে চলন্ত ট্রেন থেকেই প্ল্যাটফর্মে ঝাঁপ দিলেন যাত্রী রা, কেউ তড়িঘড়ি নামতে গিয়ে পড়লেন মুখ থুবড়ে। জানা গিয়েছে, রবিবার রাত ১১.৪৫ মিনিটের হাওড়া-ব্যান্ডেল রাতের শেষ লোকাল ধরার জন্য হাওড়া স্টেশনে নিত্যযাত্রীদের ভিড় ছিল প্রত্যেক দিনের মতোই। সময়মতো ঘোষণাও করা হয়, সাত নম্বর প্ল্যাটফর্ম থেকে ১১.৪৫ মিনিটের হাওড়া-ব্যান্ডেল লোকাল ছাড়বে। এর পরেই ৭ নম্বর প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা ট্রেনে বহু যাত্রী উঠে পড়েন। ১১.৩৪ মিনিট নাগাদ আচমকা গার্ড ছাড়াই ট্রেনটি চলতে শুরু করে। দুর্ঘটনার আশঙ্কায় বহু যাত্রী ট্রেন থেকে প্ল্যাটফর্মে ঝাঁপ দেন। মহিলা কামরা থেকে তড়িঘড়ি নামতে গিয়ে দুজন মহিলা প্ল্যাটফর্মে পড়েও যান। শেষে যাত্রীদের চিৎকারে চালক ট্রেনটি থামান। এর পর শুরু হয় চরম যাত্রী বিক্ষোভ। ক্ষুব্ধ নিত্যযাত্রীরা রেল আধিকারিক ও আরপিএফকে ঘিরে বিক্ষোভে ফেটে পড়েন। বেশ কিছু সময় পর ওই ট্রেনটিই ফের ব্যান্ডেলের দিকে রওনা দেয়। রেল সূত্রে খবর সাত নম্বর প্ল্যাটফর্মে দাঁড়ানো ট্রেনটির কারশেডে যাওয়ার কথা ছিল। ওই ট্রেনটি বেরিয়ে যাওয়ার পর প্ল্যাটফর্মে হাওড়া-ব্যান্ডেল লাস্ট লোকাল ঢোকার কথা ছিল। কিন্তু রেলের ঘোষণা ও ডিসপ্লে বোর্ডে ভুল তথ্য দেওয়া হয়। ফলে কারশেডে যাওয়ার জন্য দাঁড়ানো ট্রেনে অনেকে উঠে পড়েন। ওই ট্রেন কারশেডের উদ্দেশ্যে রওনা দিলে বিপত্তি বাধে।

# প্লাস্টিককে বর্জন করতে

## রেলি সিভিক ভলেন্টিয়ারদের

**হুগলি: নিউজ সারাদিন :** বর্ষা এসেছে চারিদিকে জমা জলের দুর্ভোগ গন্ধ এরই মধ্যে জমা জলে মশার উপদ্রব । যদি ড্রেনগুলিতে প্লাস্টিক আটকে থাকে তাহলে তো আরো সমস্যা বাড়বে। আরামবাগ শহরকে সুন্দর রাখতে প্লাস্টিক সচেতনতাই এবারে অভিনব উদ্যোগ নেয়া হলো পুলিশ ও পৌরসভার তরফে ষ পরিবেশ দূষণ সবচেয়ে বড় কারণ। পৃথিবীতে বিশ্ব উষ্ণায়নের ফলে পরিবেশ একাংশ ভাবে দূষিত হয় । এর ফলে একাংশ নদ নদী থেকে শুরু করে মৃত্তিকাও ষ নোংরা আবর্জনা যাতে নির্দিষ্ট কোন জায়গায় ফেলা হয়, ডাস্টবিন যাতে ইউজ করা হয়। সে রকমই কিছু উপকারমূলক সূচনা নিয়ে আজ আরামবাগ শহর জুড়ে জনসাধারণকে সচেতনতার বার্তা দিলেন আরামবাগ পৌরসভা এবং পুলিশ আধিকারিকরা । যাতে নিজের এলাকার পরিবেশ নোংরা যাতে না হয় সেটা দেখা। আরামবাগে পরিবেশ সচেতনতার লক্ষ্যে এই কর্ম প্রয়াস বলে সূত্রের খবর।

নতুন বিচারপতিরা আসছেন

## কলকাতা হাইকোর্টে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নতুন বিচারপতি যোগ দিচ্ছেন কলকাতা হাইকোর্টে? এই জল্পনাই এখন তুঙ্গে। বর্তমানে কলকাতা হাইকোর্টে হাইকোর্টে অনুমোদিত ৭২টি বিচারপতি পদের মধ্যে বর্তমানে ২৭টি ফাঁকা রয়েছে। ছ'বছর পর এবার সম্প্রতি বিচারপতি পদে ৮ আইনজীবীর নাম দেশের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্টে পাঠিয়েছে কলেজিয়াম।জানা গিয়েছে সম্প্রতি যে ৮ আইনজীবীদের নাম সর্বোচ্চ আদালতে পাঠানো হয়েছে, তারা ১৯৯৩ সাল থেকে ২০০৩ সালের মধ্যে আইনজীবী হিসেবে কাজে নিযুক্ত হয়েছিলেন। হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম, বিচারপতি ইন্দ্রপ্রসন্ন মুখোপাধ্যায় এবং অবসরপ্রাপ্ত বিচারপতি চিত্তরঞ্জন দাসকে নিয়ে গড়া তিন সদস্যের কলেজিয়াম এই ৮ নাম পাঠিয়েছে সুপ্রিম কোর্টে। যদিও কার কার নাম পাঠানো হয়েছে সেই বিষয়ে কিছু জানা যায়নি। এবার এদের মধ্যে কারা চূড়ান্ত হন সেটাই দেখার।নতুন বিচারপতিরা আসছেন কলকাতা হাইকোর্টে!

হাইকোর্ট মারফত পাঠানো নাম নিয়ে সুপ্রিম কোর্ট কী সিদ্ধান্ত নেয়, আট জনার মধ্যে কত জনকে ছাড়পত্র দেওয়া হয় সেই নিয়েই এখন জল্পনা প্রবল।

নিয়ম মতো, তিন রকম ভাবে হাইকোর্টে বিচারপতি পদে নিয়োগ হয়। প্রথমত লোয়ার জুডিশিয়ারি ও হায়ার জুডিশিয়ারি থেকে প্রোমোশন পেয়ে হাইকোর্টের বিচারপতি পদে আসা যায়। সেক্ষেত্রে নিয়োগ করা হতে পারে ২৪ জনকে। ৭২টির মধ্যে বাকি ৪৮টি পদে সরাসরি বার থেকে আইনজীবীদের নাম সুপারিশের মাধ্যমে নিয়োগ হয়। সেই নিয়োগ করে কলেজিয়াম।সূত্রের খবর অনুযায়ী, বর্তমানে নিম্ন আদালত থেকে পদোন্নতি হয়ে হওয়ার সব পদই প্রায় ফুল রয়েছে। খালি রয়েছে আইনজীবীদের নাম সুপারিশের মাধ্যমে নিয়োগ। গত ছ'বছর ধরে এই নিয়ে টালবাহানা চলছেই। আইনজীবী থেকে বিচারপতি পদের জন্যে নাম পাঠানোর ক্ষেত্রে হাইকোর্টের ভূমিকায় কার্যত বিরক্ত প্রবীণ আইনজীবীরাও।

ওদিকে শেষ বার হাইকোর্ট ৯ জন আইনজীবীদের নাম পাঠালেও তাদের মধ্যে মাত্র দু'টিতে সুপ্রিম কোর্টের কলেজিয়াম শীলমোহর দিয়েছিল। তবে ২০১৮-র ডিসেম্বরে পাঠানো সেই দুই নামও এখনও ফাইলবন্দি হয়ে পড়ে রয়েছে কেন্দ্রের আইন মন্ত্রকে। আবার কিছু ক্ষেত্রে হাইকোর্ট বারংবার একই নাম সুপারিশ করলেও কেন্দ্র প্রতিবারই ফিরিয়ে দিয়েছে।

১-ম পাতার পর

# পুরীর রথযাত্রায় শ্বাসরুদ্ধ হয়ে মৃত্যু এক ব্যক্তির

করেন। বিরোধী নেতা নবীন পট্টনায়ক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এডিজি (আইন ও শৃঙ্খলা) সঞ্জয় কুমার জানিয়েছেন দুর্ঘটনা এরানোর জন্য ১৮০ প্লাটুন নিরাপত্তা কর্মী মোতায়ন করা হয়েছিল। এছাড়াও প্রায় ৪৬ টি জল ট্যাংকার রাখা ছিল যার থেকে ভক্তদের উপরে জল ছিটিয়ে দেওয়া হয়েছিল যাতে তাঁরা কিছুটা ঠান্ডা থাকেন।

১-ম পাতার পর

# ফের উত্তপ্ত জম্মু-কাশ্মীর

গত কয়েক সপ্তাহে জম্মু ও কাশ্মীরে জঙ্গি হামলা বেড়েছে। গত ১১ ও ১২ জুন পর পর জঙ্গি হামলায় কেঁপে উঠেছিল জম্মু ও কাশ্মীরের ডোডা জেলা। ১১ জুন ছত্তরগল্লায় একটি চেকপোস্টে জঙ্গি হামলায় ছয় নিরাপত্তারক্ষী জখম হন। পাশাপাশি ১২ জুন গান্দোহ এলাকার কোটা টপে সন্ত্রাসীদের সঙ্গে বন্দুকযুদ্ধে এক পুলিশকর্মী আহত হয়েছিলেন।

১-ম পাতার পর

# বিদ্যুতের মাশুল বৃদ্ধি নিয়ে এবার রীতিমতো সরব হলেন মুখ্যমন্ত্রী

অভিযোগও করেছেন তিনি। এমনকি, তাঁর আরও অভিযোগ যে, রাজ্যের বিদ্যুৎ দপ্তরকেও সিইএসসি কিছু জানায়নি। শুধু তাই নয়, বর্ষায় বিদ্যুৎ বিপর্যয় নিয়েও এদিন উপদেশ দেন রাজ্যের মুখ্যমন্ত্রী।

তাঁর কথায়, সরকারকে কিছু না জানিয়েই নাকি বিদ্যুৎ-এর দাম বাড়িয়ে দিয়েছে সিইএসসি ! তবে রাজ্য বিদ্যুৎ পর্ষদ দাম বাড়ায়নি বলেও জানিয়ে দেন তিনি।

উল্লেখ্য, উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতি নিয়ে সোমবার, নবান্নে একটি সাংবাদিক বৈঠক করেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেইখানে নর্থ বেঙ্গলে ঘটে চলা দুর্যোগের পাশাপাশি, বর্ষায় বিদ্যুৎ বিপর্যয় রুখতেও উপদেশ দিলেন তিনি। সেইসঙ্গে, বিদ্যুৎ-এর মাশুল বৃদ্ধি নিয়েও বার্তা দেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী। তিনি জানান, "এই সুযোগে শুনলাম নাকি সিইএসসি দাম বাড়িয়ে দিয়েছে। এদিকে আমাদেরকে তো কিছুই জানায়নি। বিদ্যুৎ দপ্তরকেও ওরা কিছু জানায়নি। যাই হোক, আমাদের WBSEDCL কিন্তু এক পয়সাও দাম বাড়ায়নি।"

## রাম মন্দির নির্বাচনী ইস্যু হতে পারে না: অধ্যাপক কুমার

**এনএনএস: নিউজ সারাদিন :** লোকসভা নির্বাচনে পশ্চিমবঙ্গে বিজেপি তথা হিন্দুত্ববাদী শিবির নির্বাচনে প্রবল বিপর্যয়ে পড়ার পর সংগঠনের খোল নলচে পরিবর্তনের দাবি উঠতে শুরু করেছে। বিজেপির শোচনীয় ফলে উদ্বেগ বেড়েছে কেশব ভবনের আর এস এস কর্তাদের দলের অভ্যন্তরে তৃণমূল কংগ্রেস থেকে আসা নব্য গোষ্ঠীর সঙ্গে আদি বিজেপি সংঘ ঘেঁষা নেতা-কর্মীদের মানসিক দূরত্ব বাড়ছে। দলের অভ্যন্তরে সংঘাতও চরম আকার নিয়েছে।

আর এস এসের বাংলা মুখপত্র' স্বস্তিকস্থয় চাঁচাছোলা ভাষায় বিজেপির ব্যররথতা, দলের গোষ্ঠী সংঘাত-এর তীব্র নিন্দা করা হয়েছে। আর এস এস নেতারা তৃণমূলস্তর থেকে উপরে সাংগঠনিক কাঠামোর পরিবর্তন চাইছে। ২০২১ সালে বিধানসভা নির্বাচনে প্রায় ৬০ শতাংশ আসনে তৃণমূল,সিপি এম,কংগ্রেস থেকে আসা ব্যক্তিদের প্রার্থী করে। এতে প্রত্যাশিত ফল আসে নি। উল্টে রাজীব বন্দ্যোপাধ্যায়, সব্যসাচী দত্ত সহ অনেকেই আবার বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে ফিরে গেছেন।

ব্যারাকপুরে বার বার দল বদলে বিশ্বাসযোগ্যতা খুইয়ে অর্জুন সিং শোচনীয় ভাবে পরাজিত হয়েছেন। তৃণমূল থেকে এসে তাপস রায় উত্তর কলকাতায় দলকে জেতাতে পারেন নি। আদি বিজেপি শিবিরের আশঙ্কা তাপস রায় আবার তৃণমূল কংগ্রেসে ফিরে যেতে পারেন।

আর এস এস 'হিন্দু জাতীয়তাবাদী' আদর্শে বিজেপির উত্থান চাইছে। তৃণমূল থেকে নেতা-কর্মীদের এনে দল ভারি করে যে বিজেপি প্রত্যাশা মত ফল করতে পারছে না তা নিয়ে নিশ্চিত সংঘ পরিবার। তবে আর এস এস যাই পরামর্শ দিন না কেন বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বকে আগামী দিনেও পশ্চিমবঙ্গে তৃণমূল থেকে আসা নেতা-নেত্রীদের ওপর ভরসা রাখতে হবে।

তবে এবারের লোকসভা নির্বাচনে তৃণমূল থেকে আসা কার্তিক পাল, অর্জুন সিং, তাপস রায়, শীলভদ্ররা টিকিট পেলেও আদি বিজেপি ও সংঘ ঘনিষ্টরাই বেশি টিকিট পান। বিজেপির জয়ী ১২জন সাংসদের মধ্যে তৃণমূল থেকে আসা ২জন বিজয়ী হয়েছেন। সংঘ চাইলেও তৃণমূল কংগ্রেসের বিদ্রোহীদের দল আনা টেকানো যে সম্ভব নয় তেমনটাই মনে করছেন রাজনৈতিক মহল।

## নেতানিয়াহুর পদত্যাগের দাবিতে ইসরায়েলে বড় বিক্ষোভ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গাজার স্বাধীনতাকামী সংগঠন হামাসসহ বিভিন্ন প্রতিরোধ গোষ্ঠীর হাতে থাকা জিম্মিদের মুক্তি চুক্তির দাবিতে ইসরায়েলের বিক্ষোভ হয়েছে। জিম্মি মুক্তি চুক্তিতে পৌঁছানোর জন্য তারা সরকারকে চাপ দিচ্ছে। তেল আবিব ও জেরুজালেমে মিছিল করা বিক্ষোভকারীরা তাদের আন্দোলন অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন।

২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে হামলা চালিয়ে প্রায় আড়াইশ'র মতো ইসরায়েলিকে জিম্মি করে গাজায় নিয়ে আসে হামাস। এরপরই গাজায় নির্বিচার হামলা শুরু করে ইসরায়েল। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু হামাস নির্মূল ও জিম্মি মুক্তির করার প্রতিশ্রুতি দেন। তবে দীর্ঘ নয় মাস শেষ হতে চললেও নেতানিয়াহু তার লক্ষ্য অর্জন করতে পারেননি।

ইসরায়েল জুড়ে জিম্মি মুক্তি আন্দোলন আরও জোরালো হচ্ছে। ব্যর্থতার জন্য নেতানিয়াহুর পদত্যাগও দাবি করেন বিক্ষোভকারীরা। তারা বলছেন, গাজায় যুদ্ধবিরতি ও জিম্মি মুক্তি নিশ্চিত করতে না পারলে নেতানিয়াহু যেন পদত্যাগ করেন।

ইসরায়েলের দুটি বড় শহরে বিক্ষোভকারীরা সড়ক অবরোধ করেন। তেল আবিবে সড়ক থেকে বিক্ষোভকারীদের সরিয়ে দিতে পুলিশ জলকামান ব্যবহার করেছে। ইসরায়েল বলছে, গাজায় এখনো আটক আছেন ১১৬ জন। ইসরায়েলি সেনাবাহিনীর দাবি, ৪২ জিম্মি মারা গেছেন।

## প্রধানমন্ত্রী কেইর স্টার্মারের সঙ্গে কথা বলেছেন এবং অভিনন্দন জানিয়েছেন ব্রিটেনের প্রধানমন্ত্রী হওয়ার জন্য

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ব্রিটেনের প্রধানমন্ত্রী কেইর স্টার্মারের সঙ্গে কথা বলেছেন। প্রধানমন্ত্রী তাঁকে ব্রিটেনের প্রধানমন্ত্রী হওয়ার জন্য এবং নির্বাচনে লেবার পার্টির বিপুল জয়ের জন্য অভিনন্দন জানিয়েছেন।

দুই নেতাই দুই দেশের ঐতিহাসিক সম্পর্কের কথা উল্লেখ করেছেন এবং ভারত এবং ব্রিটেনের মধ্যে সার্বিক কৌশলগত অংশীদারিত্ব আরও গভীর করতে এবং এগিয়ে নিয়ে যেতে তাঁদের দায়বদ্ধতার কথা পুনরায় জানিয়েছেন। দুই নেতাই পারস্পরিক সুবিধার জন্য ভারত-ব্রিটেন মুক্ত বাণিজ্য চুক্তি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে কাজ করতে সম্মত হয়েছেন। ব্রিটেনের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক উন্নয়নে ভারতীয় সম্প্রদায়ের ইতিবাচক অবদানের কথা স্বীকার করে নিয়ে দুই পক্ষই মানুষে মানুষে নৈকট্য বৃদ্ধি করার চেষ্টা চালিয়ে যেতে সম্মত হয়েছে। প্রধানমন্ত্রী মোদী প্রধানমন্ত্রী স্টার্মারকে যথাশীঘ্র ভারত সফরে আসার আমন্ত্রণ জানিয়েছেন। দুই নেতাই যোগাযোগ রাখতে সম্মত হয়েছেন।

## শেখ হাসিনাকে খুনের চক্রান্ত?



**দিলীপ চট্টোপাধ্যায় : নিউজ সারাদিন :** বাংলাদেশকে গণতন্ত্র, ধর্ম নিরপেক্ষতা, স্বাধীনতার পথ থেকে সরিয়ে এক পাকিস্তানী সংস্করণে রাষ্ট্র ব্যবস্থা গড়ে তুলতে বাংলাদেশে স্বাধীনতা বিরোধী জঙ্গিরা নতুন করে চক্রান্তের জাল বোনা শুরু করেছে। বঙ্গবন্ধু তনয়া ও আওয়ামী লীগ সুপ্রিমো শেখ হাসিনা তৃতীয়বার ক্ষমতায় আসার পর নাশকতা, হিংসা, জঙ্গি বিদ্রোহ অথবা সামরিক বাহিনীর একাংশের বিদ্রোহের মাধ্যমে তাঁকে উচ্ছেদের গভীর চক্রান্ত শুরু হয়েছে। পাকিস্তানপন্থী ও বাংলাদেশের স্বাধীনতা বিরোধী শক্তি বাংলাদেশকে অন্ধকারের যুগে নিয়ে যেতে তৎপর হয়েছে। তারা ঢাকা সহ বাংলাদেশের বিভিন্ন স্থানে স্বাধীনতা ও গণতন্ত্রের শক্তির ওপর আক্রমনের পরিকল্পনা নিচ্ছে। তাদের প্রাথমিক পরিকল্পনা দেশজুড়ে বিস্ফোরণ ও সন্ত্রাসবাদী আক্রমণ ঘটিয়ে স্বাধীনতাপন্থী শিল্পী, বুদ্ধিজীবিদের হত্যা করা। একই সঙ্গে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা সহ আওয়ামী লীগের শীর্ষ নেতাদের খুন করারও পরিকল্পনা নিয়েছে স্বাধীনতা বিরোধী, মৌলবাদী জঙ্গিরা। কূটনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক মহল সূত্রে শেখ হাসিনার ওপর আক্রমণের সম্ভাবনা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে ভারতেও। পঃবঙ্গ সহ উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যে বাংলাদেশ থেকে পলাতক বহু স্বাধীনতা বিরোধী জঙ্গি, এমন কি বিডিআর বিদ্রোহে যুক্ত কিছু ব্যক্তি আত্মগোপন করেছে বলে জানা গেছে। এদের সঙ্গে আলফা সহ উত্তর পূর্বের জঙ্গিদের যৌথ ফ্রন্ট গড়ে উঠেছে। আলফা এখন শেখ হাসিনা সরকারের ভীষণ বিরোধী। তারা জেএমবি ও লস্করের মত বিভিন্ন জঙ্গি গোষ্ঠীর সঙ্গে লাইন আপ করতে চাইছে। বাংলাদেশে পাকিস্থানপন্থী শক্তি জনগণের প্রতিষ্ঠান বিরোধিতাকে কাজে লাগাতে চাইছে।

মোদী ও ভারতীয় নেতাদের সঙ্গে আলোচনা ও কয়েকটি বিষয়ে বোঝাপড়া সেরে ঢাকায় ফেরার পরই বিএনপি জামাত সহ শক্তি গুলি শেখ হাসিনার বিরুদ্ধে বাংলাদেশে অরাজকতা, অস্থিরতা তৈরির রাজনীতিতে ফিরতে চাইছে বিএনপি, জামাত! এদের সঙ্গে হাত মিলিয়েছে কয়েকটি টুকরো কমিউনিষ্ট গোষ্ঠীও। ফলে বাংলাদেশে যে এক দীর্ঘমেয়াদি রাজনৈতিক অস্থিরতা তৈরির চেষ্টা চলছে তা নিয়ে নিশ্চিত রাজনৈতিক মহল।

নয়াদিল্লিতে নরেন্দ্র মোদী সহ ভারতীয় নেতাদের সঙ্গে দ্বিপাক্ষিক ইস্যুতে আলোচনা সেরে ঢাকায় ফেরার পরই শেখ হাসিনা স্বাধীনতা বিরোধী, পাকিস্থানপন্থী শক্তির টার্গেট হয়ে উঠেছেন। শেখ হাসিনা ও তাঁর আওয়াযী লীগ সরকারকে 'ভারতের দালাল'

'দেশের স্বাধীনতার আত্মসমর্পনকারি' সহ নানা বিশ্লেষণে ভূষিত করা হচ্ছে। বাংলাদেশের মিডিয়ার একাংশও শেখ হাসিনা ও তাঁর আওয়াযী লীগ সরকারের পাশে ভারত ও নয়াদিল্লির প্রশাসনিক-রাজনৈতিক কর্তাদের বিরুদ্ধে অভিসন্ধিমূলক প্রচার চালাচ্ছেন।

বাংলাদেশে জনগণের মধ্যে ধূমায়িত বেকারি, মূল্যবৃদ্ধি সহ নানা ইস্যুতে তৈরি হওয়া প্রতিষ্ঠান বিরোধিতাকে কাজে লাগাতে চাইছে। এ জন্যই শেখ হাসিনার বিরুদ্ধে ঘৃণা ছড়ানোর কৌশল নিয়েছে জামাত-বিএনপি সহ বাংলাদেশের হাসিনা বিরোধীরা।নতুন করে শেখ হাসিনার ওপর প্রাণঘাতি হামলা চালানোর প্রচেষ্টাও চালাচ্ছে বাংলাদেশের পাকিস্থানপন্থী সন্ত্রাসবাদী সংগঠনেরা এমনই আশঙ্কা তৈরি হচ্ছে। নয়াদিল্লিও বাংলাদেশের পরিস্থিতি ও ভারত বিরোধী শক্তির কার্যকলাপ নিয়ে সতর্ক নজরদারি চালাচ্ছে।

## পদত্যাগ করছেন ফরাসি প্রধানমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পদত্যাগ করছেন ফ্রান্সের প্রধানমন্ত্রী গ্যাব্রিয়েল আটাল। তিনি বলেছেন, তার দল পার্লামেন্ট নির্বাচনে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে ব্যর্থ হওয়ায় তিনি সোমবার প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর কাছে তার পদত্যাগের প্রস্তাব দেবেন।

তিনি বলেন, যদি তার পদত্যাগপত্র গ্রহণ করা না হয় তবে য দিন পর্যন্ত প্রধানমন্ত্রী হিসেবে তাকে প্রয়োজন হবে তিনি কাজ চালিয়ে যাবেন। আর মাত্র তিন সপ্তাহ পরেই দেশটিতে প্যারিস অলিম্পিক অনুষ্ঠিত হতে যাচ্ছে। এর মধ্যেই দেশটিতে দ্বিতীয় দফার ভোটের ফলাফল প্রকাশ হয়েছে।

তবে দেশটির নতুন সরকার নিয়ে বেশ জটিলতা দেখা দিয়েছে, কারণ কোনও দলই একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে সক্ষম হয়নি। দেশটিতে প্রথম দফার ভোটে এগিয়ে থাকলেও দ্বিতীয় দফার ভোটে সংখ্যাগরিষ্ঠতা অর্জনে ব্যর্থ হয়েছে কট্টর ডানপন্থী ন্যাশনাল র‍্যালি (আরএন)। আনুষ্ঠানিক ফলাফল থেকে দেখা গেছে, দ্বিতীয় দফার ভোটে বামপন্থীদের জোট নিউ পপুলার ফ্রন্ট (এনপিই) জয়ী হয়েছে এবং পার্লামেন্টে তারাই সবচেয়ে বেশি আসন পেতে যাচ্ছে।

নির্বাচনে প্রেসিডেন্ট ম্যাক্রোঁর মধ্যপন্থী এসেম্বল জোট দ্বিতীয় অবস্থানে আছে এবং আরএন পার্টি এখন তৃতীয় অবস্থানে। রবিবারের এই ভোটে কট্টর-ডানপন্থী ন্যাশনাল ব্যালিকে ঠেকাতে একজোট হয়ে লড়েছে বামপন্থী জোট দলগুলো।

প্রথম দফার ভোটে ডানপন্থীদের জয়ে উদার ও মধ্যপন্থীদের মধ্যে শঙ্কা তৈরি হয়। আরএন যেন দ্বিতীয় দফায় জয়ী হতে না পারে সেজন্য বামপন্থী জোট এবং ম্যাক্রোঁর জোটের মধ্যে আলোচনা হয়েছে। এই দুই জোট মিলে দুই শতাধিক প্রার্থীকে প্রত্যাহার করে নেয়। আরএনের বিরুদ্ধে পড়া ভোটগুলো যেন একজনই পান সেজন্যই বাম ও মধ্যপন্থীদের এই কৌশলই শেষ পর্যন্ত কাজে দিয়েছে।

তবে কোনও দল সংখ্যাগরিষ্ঠতা না পাওয়ায় সরকার গঠন নিয়ে শঙ্কা তৈরি হচ্ছে। কারণ দেশটিতে তিন দলের একসঙ্গে কাজ করার পূর্ব অভিজ্ঞতা দেখা যায়নি। দ্বিতীয় দফার নির্বাচন নিয়ে এখনও কোনও কোনও মন্তব্য করেননি প্রেসিডেন্ট ম্যাক্রোঁ। গত ৩০ জুন দেশটির প্রথম দফার নির্বাচন অনুষ্ঠিত হয়। এর আগে ফ্রান্সের পার্লামেন্ট নির্বাচনে কট্টর ডানপন্থীরা প্রথম ধাপের নির্বাচনে কখনওই জয়লাভ করতে পারেনি।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৩ বর্ষ ১৮৬ সংখ্যা ০৯ জুলাই, ২০২৪ মঙ্গলবার ২৪ আষাঢ়, ১৪৩১

## প্রধানমন্ত্রী তাঁর সরকারী রুশ প্রজাতন্ত্র এবং অস্ট্রিয়া সাধারণতন্ত্র সফরে রওনা হওয়ার সময় বিবৃতি দিয়েছেন

**নয়াদিল্লি, ৮ জুলাই, ২০২৪ : নিউজ সারাদিন :** আমি আগামী ৩ দিন ধরে রুশ প্রজাতন্ত্র সফর করবো ২২-তম বার্ষিক শিখর সম্মেলনের জন্য এবং অস্ট্রিয়া প্রজাতন্ত্রে প্রথম সফরের জন্য। ভারত এবং রাশিয়ার মধ্যে বিশেষ এবং অগ্রাধিকারপ্রাপ্ত অংশীদারী শক্তি, নিরাপত্তা, বাণিজ্য, বিনিয়োগ, স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি, পর্যটন এবং মানুষে মানুষে যোগাযোগ সহ বিভিন্ন ক্ষেত্রে গত ১০ বছরে অনেক অগ্রগতি ঘটেছে।

আমার বন্ধু প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতার সকল বিষয়ে পর্যালোচনা এবং বিভিন্ন আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়ের পরিপ্রেক্ষিত ভাগ করে নেওয়ার দিকে তাকিয়ে আছি। আমাদের লক্ষ্য শান্তিপূর্ণ এবং সুস্থায়ী অঞ্চলের জন্য সহযোগিতামূলক ভূমিকা। এই সফর আমাকে রাশিয়ায় বসবাসকারী প্রাণবন্ত ভারতীয় সমাজের সঙ্গে মিলিত হওয়ার সুযোগ করে দেবে। অস্ট্রিয়ায় আমার সুযোগ হবে প্রেসিডেন্ট আলেকজান্ডার ভ্যান ডার বেলেন এবং চ্যান্সেলর কার্ল নেহামারের সঙ্গে দেখা হওয়ায়। অস্ট্রিয়া আমাদের স্থায়ী এবং আস্থাভাজন অংশীদার এবং আমরা গণতন্ত্র এবং বহুত্ববাদের ভাবনার শরিক। গত ৪০ বছরে কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর এটাই প্রথম সফর। উদ্ভাবন, প্রযুক্তি এবং দীর্ঘস্থায়ী উন্নয়ন সহ বিভিন্ন বিষয়ে নতুন এবং উদীয়মান ক্ষেত্রে আমাদের অংশীদারিত্ব আরও উচ্চতায় পৌঁছে দিতে আলোচনার জন্য আমি আগ্রহ নিয়ে অপেক্ষা করছি। অস্ট্রিয়ার চ্যান্সেলরের সঙ্গে মিলে দুদেশের বণিক সভার নেতাদের সঙ্গে ভাবনা ভাগ করে নেওয়ার দিকে তাকিয়ে আছি যাতে উভয়পক্ষের জন্য সুবিধাজনক বাণিজ্য এবং লগ্নির সুযোগের খোঁজ পাওয়া যায়। আমি অস্ট্রিয়ায় বসবাসকারী ভারতীয় যারা পেশাদারিত্ব এবং আচরণের জন্য সম্মানিত তাদের সঙ্গেও কথা বলবো।

## সম্পাদকীয়

### মহারাষ্ট্রে জিকা ভাইরাস সংক্রমণের খবর মেলায় সব রাজ্যে প্রয়োজনীয় নির্দেশিকা পাঠালো কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক

মহারাষ্ট্রে জিকা ভাইরাস সংক্রমণের কয়েকটি ঘটনা নজরে আসায় কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের স্বাস্থ্য পরিষেবা মহানির্দেশক (ডিজিএইচএস) ডাঃ অতুল গোয়েল রাজ্যগুলিকে পাঠানো নির্দেশিকায় পরিস্থিতির উপর কড়া নজর রাখার কথা বলেছেন। জিকা ভাইরাস সংক্রমণে প্রসূতির দেহে থাকা ভ্রুণে স্নায়ুজনিত সমস্যা দেখা দিতে পারে এবং নবজাতকের মাথার আয়তন ছোট হতে পারে। সেইজন্য কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক রাজ্যগুলিকে প্রসূতিদের জিকা ভাইরাস সংক্রমণ পরীক্ষায় জোর দিতে বলেছে। সংক্রমিত প্রসূতিদের ভ্রূণ পরীক্ষা করারও নির্দেশ দেওয়া হয়েছে। এই ভাইরাসের বাহক এডিস মশার বাড়বাড়ন্ত রোধে হাসপাতালগুলিতে বিশেষ দায়িত্বপ্রাপ্ত আধিকারিক নিয়োগ করার জন্য পরামর্শ দিতেও রাজ্যগুলিকে নির্দেশ দিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক।

বসতি এলাকা, কাজের জায়গা, শিক্ষা প্রতিষ্ঠান, নির্মাণ ক্ষেত্র সহ সব জায়গাতে মশাবাহিত রোগের সংক্রমণ ঠেকাতে নজরদারি বাড়াতে বলা হয়েছে। সামাজিক মাধামেও বার্তা দিয়ে সাধারণ মানুষকে সচেতন করার কথা বলেছে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। সংক্রমণের খবর পাওয়া গেলেই সমন্বিত ব্যাধি নজরদারি কর্মসূচি কিংবা জাতীয় মশকবাহিত রোগ নিয়ন্ত্রণ কেন্দ্রে তা জানাতে বলা হয়েছে। বহু ক্ষেত্রেই এই ভাইরাসে আক্রান্তরা উপসর্গহীন বা মৃদু উপসর্গযুক্ত হয়ে থাকেন। ভারতে অবশ্য নবজাককের মাথার আয়তন ছোটো হওয়া বা মাইক্রোসেফালি-র কোনো খবর ২০১৬-র পরে পাওয়া যায়নি।

জিকা সংক্রমণের পরীক্ষার সুবিধা রয়েছে পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি, দিল্লির ন্যাশনাল সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এবং কয়েকটি মাত্র গবেষণা প্রতিষ্ঠানে। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চের পরীক্ষাগারেও এই সুবিধা রয়েছে। উল্লেখ্য, গত ২৬ এপ্রিল এবং তারও আগে ফেব্রুয়ারিতে জিকা, ডেঙ্গু ও চিকুনগুনিয়া-র বিষয়ে কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক নির্দেশিকা জারি করেছিল।

ভারতে প্রথম ২০১৬-য় গুজরাটে জিকা সংক্রমণের খবর পাওয়া যায়। পরে তামিলনাড়ু, মধ্যপ্রদেশ, রাজস্থান, কেরল, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, দিল্লি এবং কর্ণাটকেও এই ভাইরাস সংক্রমণের খবর মিলেছে। এবছর ২ জুলাই পর্যন্ত মহারাষ্ট্রে ৮ জনের দেহে জিকা সংক্রমণ ধরা পড়েছে।

## বিপদে পড়লে স্মরণ করো রক্ষা করবে ব্রহ্মচারী বাবা লোকনাথ



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

তার এই মহাকাল প্রয়াণের দিনটিকে ভক্তি শ্রদ্ধার মধ্য দিয়ে স্মরণ করার জন্যই এই উৎসব ও মেলার আয়োজন হয়। এই তিরোধান উৎসবে অংশগ্রহণ করতে প্রতিবেশী দেশ ভারত, নেপাল, ভুটান ও শ্রীলঙ্কাসহ দেশের লক্ষাধিক লোকনাথ ভক্ত বারদী আশ্রমে এসে সমবেত হন। জৈষ্ঠের উনিশ তারিখ আশ্রমের চৌচালা ছাদের উপর থেকে ভক্তদের ছুঁড়ে দেয়া বাতাসা মিষ্টান্ন ও তা কুড়ানোর উচ্ছ্বল আয়োজন হয় যা “হরি লুট” নামে পরিচিত। **ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## ব্রিটিশদের বিরুদ্ধে গান্ধীবুড়ির আত্মবলিদানের পর ৮০ বছর কাটলেও তাঁকে নিয়ে সে ভাবে চর্চা নেই



মৃত্যুঞ্জয় সরদার

(চতুর্থ পর্ব)



পশ্চিমদিক থেকে এগিয়ে এল আট-দশ হাজার মানুষের এক বিরাট শোভাযাত্রা। গুর্খা ও ব্রিটিশ গোরা সৈন্যরা তৈরি হল অবস্থার মোকাবিলার জন্য। হাঁটু মুড়ে বসে গেল তারা। তারপরই তাদের বন্দুকগুলো গর্জে উঠল। মারা গেলেন পাঁচজন। আহত হলেন আরও বেশ কয়েকজন।

উত্তর দিক থেকে আসছিল মাতঙ্গিনীর দলটি। তারা থানার কাছাকাছি আসতেই পুলিশ ও মিলিটারি অবিরাম গুলিবর্ষণ শুরু করে দিল। বিদ্রোহীদের মধ্যে থেকে বেশ কয়েকজন কিছুটা পিছু হঠে গিয়েছিল। তাদের সতর্ক করে দিয়ে মাতঙ্গিনী বললেন, 'থানা কোন দিকে? সামনে, না পেছনে? এগিয়ে চলো। হয় থানা দখল করো, নয়ত মরো। বলো, 'করেঙ্গে ইয়ে মরেঙ্গে'-'বন্দে মাতরম্।'

বিপ্লবীদের সম্বিত ফিরে এল। তাদের কণ্ঠেও ধ্বনিত হতে থাকল, 'এগিয়ে চল। ইংরেজ তুমি ভারত ছাড়ো। 'করেঙ্গে ইয়ে মরেঙ্গে, বন্দে মাতরম্।' আবার এগিয়ে যেতে লাগল তারা জলপ্রপাতের বেগে। ওদিকে গুলি বর্ষণ শুরু হয়ে গেল বৃষ্টির মতো।

মাতঙ্গিনী দলটির পুরোভাগে। ছুটে চলেছেন উল্কার বেগে। বাঁ-হাতে বিজয় শঙ্খ, ডান হাতে জাতীয় পতাকা। আর মুখে ধ্বনি- 'ইংরেজ ভারত ছাড়ো-করেঙ্গে ইয়ে মরেঙ্গে-বন্দে মাতরম্।'

একটি বুলেট পায়ে লাগতেই হাতের শাঁখটি মাটিতে পড়ে গেল। দ্বিতীয় বুলেটের আঘাতে বাঁ-হাতটা নুয়ে পড়ল। কিন্তু ওই অবস্থাতেও ব্রিটিশ সামরিক বাহিনীতে কর্মরত ভারতীয় সৈনিকদের উদ্দেশ্য করে বলে চলেছেন, 'ব্রিটিশের গোলামি ছেড়ে গুলি ছোঁড়া বন্ধ করো- তোমরা সব আমাদের মতো স্বাধীনতা সংগ্রামের সঙ্গে হাত মেলাও।' প্রত্যুত্তরে উপহার পেয়েছিলেন কপালবিদ্ধ করা তৃতীয় বুলেটটি। প্রাণহীন দেহ মাটিতে লুটিয়ে পড়ল। কিন্তু জাতীয় পতাকাটি তখনও তাঁর হাতের মুঠোয় ধরা।

সেদিন মাতঙ্গিনী হাজরার মৃত্যুবরণের দৃষ্টান্তটিকে সামনে রেখে মানুষকে বিপ্লবের পথে উদ্বুদ্ধ করে তুলেছিল। ১৯৪৭ সালে ভারত স্বাধীনতা অর্জন করলে অসংখ্য স্কুল, পাড়া ও রাস্তার নাম মাতঙ্গিনী হাজরার নামে উৎসর্গ করা হয়। স্বাধীন ভারতে কলকাতা শহরে প্রথম যে নারীমূর্তিটি স্থাপন করা হয়েছিল, সেটি ছিল মাতঙ্গিনী

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## তিস্তার জল ও চুক্তি নিয়ে যা বললেন মমতা ব্যানার্জি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বর্ষার জল দেখে আমরা যেন তিস্তা নদীর জলের পরিমাণের বিষয়টি না ভাবি। প্রতিবেশী বাংলাদেশকে তিস্তা নদীর জল বন্টন নিয়ে ভারতের কেন্দ্রীয় সরকারকে এই পরামর্শ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির। মমতা আরো অভিযোগ করেছেন যে, বাংলাকে না জানিয়ে ভারতের কেন্দ্রীয় সরকার বাংলাদেশের সাথে ফারাক্কা চুক্তি পুনর্নবীকরণ করতে চাইছে, একই সাথে তিস্তার জলও দিতে চাইছে। সোমবার রাজ্য সরকারের সচিবালায় নবান্নে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

মুখ্যমন্ত্রী মমতা বলেন, 'বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাথে আমাদের প্রধানমন্ত্রীর যে কথা হলো আমাদের কাউকে জানানো হলো না। খুবই দুর্ভাগ্যজনক। যাইহোক, আবার বলছে তিস্তার জল দিয়ে দেব। তিস্তায় কি জল আছে যে দেবে? তাহলে তো আমাদের রাজ্যের উত্তরবঙ্গের মানুষ খাবার জল পাবে না। বর্ষার পানি দেখে যেন আমরা জলের কথা না ভাবি।'

এ সময় সিকিমে তিস্তা নদীর উপর জলবিদ্যুৎ প্রকল্পের বিষয়টি উত্থাপন করে মমতা বলেন, 'সিকিমের ওখানে তিস্তার উপরে ১৪টা হাইড্রো পাওয়ার (জলবিদ্যুৎ) করেছে তাতে সমস্ত জল টেনে নিয়েছে। যখন সিকিম ওই জলবিদ্যুৎ প্রকল্প করলো, তখন কেন্দ্রীয় সরকারের সযত্ন হওয়া উচিত ছিল। ওরা জানে যে সিকিম বা অরুনাচল সীমান্ত কতটা ভয়ানক আমাদের দেশের জন্য। কিন্তু সরকারের কোনো মনিটরিং সিস্টেম নেই। আমরা বারবার বিষয়টি জানিয়েছে, কিন্তু কোনো পদক্ষেপ নেওয়া হয়নি। যার জন্য মানুষকে আজও সমস্যার মুখোমুখি হতে হচ্ছে।'



গঙ্গা নদীর ভাঙ্গন রোধে কেন্দ্রীয় সরকারকে নিশানা করে মুখ্যমন্ত্রী বলেন, 'গঙ্গার ভাঙ্গন রোধের বিষয়টি ভারতের কেন্দ্রীয় সরকারের দেখার কথা। কিন্তু দীর্ঘ ১২ বছর ধরে তারা দেখছে না। গঙ্গার ভাঙ্গন রোধে তারা এক পয়সাও খরচ করেনি। ফারাক্কাতেও ড্রেজিং করেনি। বাংলাদেশের সাথে যখন আমাদের চুক্তি হয়েছিল তখন কথা ছিল বাংলাদেশের দিকে যে জলটা যাচ্ছে সেটাকে যাতে রিভাইভ করা হয়, যাতে আমাদের এখানে কোনো সমস্যা তৈরি না হয়। ড্রেজিং করা, ভাঙ্গন রোধ, এলাকার উন্নয়নের জন্য ৭০০ কোটি রুপির একটা প্যাকেজ তৈরি হয়েছিল। আমি তখন সাংসদ ছিলাম, আমি ঘটনাটা জানতাম। কিন্তু আজ পর্যন্ত সেই অর্থ দেয়নি। উপরন্ত আমাদের না জানিয়ে আবার বলছে ফারাক্কা চুক্তি পুনর্নবীকরণ করবে।'

মমতার অভিমত ফারাক্কায় ড্রেজিং না করার ফলে শুধু বাংলায় ক্ষতি হয় না, বিহারও বন্যায় ভেসে যায়। কিন্তু সবচেয়ে ক্ষতিগ্রস্ত আমরা। সংবাদ সম্মেলন থেকে পশ্চিমবঙ্গের দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাটের উপর দিয়ে বয়ে চলা আত্রেয়ী নদীর উপর বাংলাদেশের তরফে তাদের সীমানায় বাঁধ দেওয়া নিয়েও কেন্দ্রীয় সরকারের পাশাপাশি প্রতিবেশী দেশকে নিশানা করেছেন মমতা। এদিন মমতা বলেন, 'আত্রেয়ী নদীর উপরে যে বাঁধটা দেওয়া হয়েছে- বাংলাদেশ এবং চীন মিলে সেটা করার সময় আমাদেরকে জানানো হয়নি। আর তাতে কিন্তু অনেক অনেক মানুষ খাবার পানি পাচ্ছে না। জলের একটা তীব্র সংকট তৈরি হয়েছে। আমি এই বিষয়টি ভারতের প্রধানমন্ত্রীকে অনেকবার বলেছি। তাছাড়া পূর্বের ভারত-বাংলাদেশ যে বৈঠকগুলোতে আমাকে ডাকা হতো, সেখানে আমি বারবার এই বিষয়টি উত্থাপন করেছি। কিন্তু তা সত্বেও আজ পর্যন্ত কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।'

মমতার অভিমত 'রাজ্যের জলপাইগুড়ি শহরের মানুষরা নিশ্চয়ই জানে যে আগে করোলা নদীর জলেতে কিভাবে ভেসে যেত। আমরা বিশ কোটি রুপি খরচ করে করোলা নদীর উপর প্রজেক্ট তৈরি করে ভাঙ্গনটা কিছুটা রোধ করতে পেরেছি। কিন্তু ভুটান থেকে জল চলে আসার ফলে আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ভেসে যায়। তার সাথে যুক্ত হয় বৃষ্টির জল। সবকিছু মিলেমিশে বন্যায় পরিণত হয়। সেই কারণে আমরাই বেশি ভুক্তভোগী।'

গত ২২ জুন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরে দুই দেশের মধ্যে ১০ চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। ওই দিন দিল্লিতে হায়দরাবাদ হাউসে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ঘোষণা দেন তিস্তা উন্নয়ন প্রকল্প সমীক্ষার ব্যাপারে ভারতের একটি কারিগরি দল খুব শিগগিরই বাংলাদেশ সফর করবে। একই সঙ্গে তিনি এও জানান, ২০২৬ সালের গঙ্গা নদীর জল বন্টন চুক্তির মেয়াদ উত্তীর্ণ হবে। তার পুনর্নবীকরণের জন্য উভয় দেশের কারিগরি বিশেষজ্ঞরা আলোচনা শুরু করবেন। এরপরই এই ইস্যুতে সপ্তাখানেক আগেই কেন্দ্রীয় সরকারকে নিশানা করেছিলেন মমতা। মমতার অভিযোগ ছিল বাংলাকে না জানিয়েই ভারতের কেন্দ্রীয় সরকার বাংলাদেশকে জল বিক্রি করতে চাইছে। হুঁশিয়ারি দিয়ে মমতা এও বলেছিলেন, 'কেন্দ্র যদি একতরফাভাবে সিদ্ধান্ত নেয় তবে তার প্রতিবাদে গোটা দেশজুড়ে বড় আন্দোলন গড়ে তোলা হবে।'

বিষয়টি নিয়ে প্রধানমন্ত্রীকে চিঠিও লিখেছিলেন মুখ্যমন্ত্রী। যদিও ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের তরফে মমতার ওই অভিযোগকে 'ভিত্তিহীন' বলে দাবি করেছে, মন্ত্রণালয় থেকে পরিষ্কার জানিয়ে দেওয়া হয়েছিল 'মমতা ব্যানার্জির সরকারের প্রতিনিধির সাথে আলোচনা করেই সরকার এই ইস্যুতে সমস্ত সিদ্ধান্ত নিচ্ছে।'

উল্লেখ্য, ১৯৯৬ সালে বাংলাদেশ ও ভারতের মধ্যে গঙ্গার জল বণ্টনের চুক্তি স্বাক্ষরিত হলেও আলোচনায় রয়েছে আরও একাধিক নদী। যার মধ্যে অন্যতম তিস্তার জল চুক্তি বন্টন। ২০১১ সালে তিস্তা চুক্তির স্বাক্ষরের ব্যাপারে সমস্ত প্রস্তুতি নেওয়া হলেও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিরোধিতায় সেই চুক্তি বাস্তবে রূপ নেয়নি বলে মনে করা হয়। রাজ্যের স্বার্থ দেখিয়ে ২০১১ সালে ভারতের তৎকালীন প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর সাথে ঢাকার সফর সঙ্গী হননি মমতা ব্যানার্জি। ফলে ওই সফরে তিস্তা চুক্তি বাস্তবায়নের সম্ভাবনা থাকলেও তা সফল হয়নি। এরপর নানা সময়ে ভারত সরকারের তরফে একাধিকবার প্রচেষ্টা নিলেও মমতা রাজ্যের স্বার্থ দেখিয়ে সেই চুক্তিতে সহমত পোষণ করেননি। বছর কয়েক আগেই বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরকালে তার সাথে একান্ত বৈঠক করেছিলেন মমতা। সে সময় তিস্তার জলের বদলে বিকল্প নদীর জল দেওয়ার প্রস্তাব দেন তৃণমূল নেত্রী। কিন্তু বাংলাদেশ মমতার সেই প্রস্তাবে রাজি হয়নি।

# সিনেমার খবর

## স্ত্রীর প্রশংসায় যা বললেন রণবীর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের বিগ বাজেটের সিনেমা 'কল্কি ২৮৯৮ এডি'। নাগ অশ্বিন পরিচালিত বহু প্রতীক্ষিত সিনেমাটি শুধু সাধারণ দর্শকই নয়, নানা ব্যস্ততার ফাঁকে দেখছেন তারকারাও। তাদের মধ্যে স্ত্রী দীপিকা পাড়ুকোনের হাত ধরে দেখতে গেলেন রণবীর সিংও। সম্পূর্ণ কালো পোশাক, কালো চশমা আর টুপিতে রণবীরকে দেখা যায় দীপিকা পাড়ুকোনের সঙ্গে।

'কল্কি ২৮৯৮ এডি' দেখে বুধবার (৩ জুলাই) ইনস্টাগ্রাম স্টোরিতে একটি ছবি পোস্ট করেছেন রণবীর সিং। তাতে রণবীর লিখেছেন, 'কল্কি ২৮৯৮ এডি' একটি অভিজাত 'সিনেম্যাটিক' প্রদর্শন। বড় পর্দার ছবির শেষ কথা! প্রযুক্তিগত কর্মকাণ্ডের অভূতপূর্ব সূক্ষ্মতা। সেরা ভারতীয় ছবি।' সেখানে তার স্ত্রীরও প্রশংসা করেছেন।

নিজের স্ত্রীর প্রশংসা করে লিখেছেন, 'যদি আমার প্রিয়ার কথা বলতে হয়। তুমি প্রতিটি মুহূর্তকে ভরিয়ে তুলেছ নিজের লাবণ্য এবং আভিজাত্যে। এমন আকুলতা যেন কবিতা, কী শক্তিশালী। কোনো তুলনাই চলে না। তোমাকে ভালোবাসি।' এর আগেও দীপিকার ছবির প্রশংসা করতে দেখা গেছে রণবীরকে। স্বামীর সঙ্গে 'গহরাইয়াঁ' ছবির গান গেয়ে বেড়াতে যাওয়ার ভিডিও পোস্ট করেছিলেন অভিনেত্রী।

এরপর তিনি একে একে পরিচালক নাগ অশ্বিন, কমল হাসন, প্রভাসকে উল্লেখ করে লেখেন, 'নাগি স্যার এবং তার দলকে শুভেচ্ছা। কেউ যদি আমার মতো অমিতাভ বচ্চনের অন্ধভক্ত হন তাহলে কোনোভাবেই এই ছবিটি দেখার সুযোগ হারাবেন না।'

'কল্কি' সিনেমাটিতে ভৈরব নামে এক শিকারির গল্প বলা হয়েছে। ক্যাম্পাসে নিজের জীবন গড়ার বিশাল উচ্চাকাঙ্ক্ষা তার। তিনি কীভাবে অশ্বত্থামা (অমিতাভ) এবং সুম ৮০ (দীপিকা) সঙ্গে পথ অতিক্রম করেন, তা নিয়েই এগোয় গল্পটি। কমল হাসান কমপ্লেক্সের শাসক সুপ্রিম ইয়াসকিনের চরিত্রে অভিনয় করেছেন। ছবিতে ম্রুনাল ঠাকুর, আন্না বেন, বিজয় দেবেরাকোন্ডা, দুলকার সালমান এবং ব্রহ্মানন্দমের মতো তারকারা অতিথি চরিত্রে অভিনয় করেছেন।

'কল্কি' ভারতীয় চলচ্চিত্রের অন্যতম প্রতীক্ষিত চলচ্চিত্র। ছবিতে প্রভাস ছাড়াও অভিনয় করেছেন অমিতাভ বচ্চন, দীপিকা পাড়ুকোন ও কমল হাসান। ছবিটি পরিচালনা করেছেন নাগ অশ্বিন এবং প্রযোজনা করেছে বৈজেন্দি মুভিজ।

## 'আমাকে তো ওর বদলে ইন্ডাস্ট্রিতে এনেছে'





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ২০১৩ সালে ডেভিড ধাওয়ানের 'চশমে বদ্দুর' সিনেমা দিয়ে বলিউডে পা রাখেন তাপসী পান্নু। এরপর তাকে দেখা গেছে 'পিংক', 'থাপ্পর', 'মূলক', 'হাসিন দিলরুবা', 'গেম ওভার','বদলা', 'জুড়ুয়া টু'সহ আরও অনেক সিনেমায়।

সম্প্রতি এক সাক্ষাৎকারে এই অভিনেত্রী জানিয়েছেন, বলিউডের জনপ্রিয় অভিনেত্রী প্রীতি জিনতার সঙ্গে চেহারার মিল থাকার কারণেই বলিউডে সুযোগ পেয়েছেন তিনি।

শিখর ধাওয়ানের টক শো 'ধাওয়ান কারেঙ্গে'তে হাজির হয়েছিলেন তাপসী। আর সেখানে 'ডাংকি' অভিনেত্রী বলেন, 'আমাকে প্রথমে বলিউডে আনা হয়েছিল কারণ আমি অনেকটা প্রীতি জিনতার মতো দেখতে। তার খুব পজিটিভ পাওয়ার রয়েছে, আপনি ভালো করেই তা জানেন।'

প্রীতির প্রশংসা করে ৩৬ বছর বয়সী তাপসীকে আরও বলতে শোনা যায়, 'খুবই প্রাণবন্ত ও বুদ্ধিমান তিনি। আমি অনুভব করেছিলাম যে, তার খ্যাতি অনুযায়ী আমার কাজ করা উচিত। কারণ তার নাম-ডাকের কারণে আমাকে এই শিল্পে আনা হয়েছিল। তাই আমি সবসময় তার মতো হওয়ার চেষ্টা করেছি।'

প্রসঙ্গত, শিখর ধাওয়ান হলেন আইপিএল দল পাঞ্জাব কিংসের অধিনায়ক। যার মালিক হলেন প্রীতি জিনতা।

তাপসীকে শেষ দেখা গিয়েছিল রাজকুমার হিরানির পরিচালনায় ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত সিনেমা ডাংকিতে। তিনি শাহরুখ খানের সঙ্গে এই সিনেমায় জুটি বেঁধেছিলেন। আর এবার তাপসীকে দেখা যাবে 'ফির আয়ি হাসিন দিলরুবা' সিনেমায়। এটি 'হাসিন দিলরুবা' সিনেমার সিক্যুয়েল। এখানে তাকে দেখা যাবে বিক্রান্ত ম্যাসি এবং ভিকি কৌশলের ভাই সানি কৌশলের সঙ্গে। এছাড়াও তার ঝুলিতে থাকা সিনেমাগুলো হলো- 'ওহ লড়কি হ্যায় কাহা' এবং 'খেল খেল মে'।

এদিকে দীর্ঘ বিরতির পর সিনেমায় ফিরছেন প্রীতি জিনতাও। সানি দেওলের সঙ্গে তাকে দেখা যাবে 'লাহোর ১৯৪৭' সিনেমায়। এই সিনেমা প্রযোজনা করছেন আমির খান।

## বদলে গেল সুস্মিতার জন্মতারিখ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হঠাৎ করেই বদলে গেল সুস্মিতা সেনের জন্মতারিখ! যা দেখে অনেকেরই চক্ষু চড়কগাছ!! কেননা এই বলিউড অভিনেত্রী তাঁর জন্মতারিখ উল্লেখ করেছেন ২৭ জানুয়ারি ২০২৩। সেই হিসেবে সাবেক এই মিস ইউনিভার্সের বয়স এখন ১৬ মাস! না, ভুল করে নয়, বরং নিজের ইনস্টাগ্রাম বায়োতে বলিউড অভিনেত্রী স্বজ্ঞানে এ জন্মতারিখ লিপিবদ্ধ করেছেন। যার পরিপ্রেক্ষিতে বলিউড দুনিয়ায় এটাই এখন হয়ে উঠেছে আলোচনার বিষয়।

অনেকে বলছেন, নিশ্চয় সুস্মিতার মাথায় গণ্ডগোল দেখা দিয়েছে, নইলে এমন উদ্ভট কাণ্ডকারখানা করার কোনো কারণ নেই। কেউ আবার বলছেন, এটা তাঁর নতুন কোনো কাজের অভিনব প্রচারণা; কেননা আজকাল অনেক তারকা তাদের কাজ নিয়ে রহস্য সৃষ্টি করতে পছন্দ করেন।

নেট দুনিয়ায় যখন সুস্মিতার নতুন জন্মতারিখ নিয়ে নানা মন্তব্য করা হচ্ছে, তখন রহস্য উন্মোচন করেছেন অভিনেত্রী নিজেই।

এ নিয়ে সংবাদমাধ্যমে তিনি বলেছেন, ২০২৩ সালের ২৭ ফেব্রুয়ারি মৃত্যুর মুখ থেকে ফিরে এসেছিলাম। তাই এ দিনটাকে দ্বিতীয় জন্মদিন হিসেবে দেখতে চাই। সে কারণেই ইনস্টাগ্রাম বায়োতে জন্মতারিখ বদলে ২৭ ফেব্রুয়ারি ২০২৩ উল্লেখ করেছি। জীবন উদযাপনের জন্য এ তারিখটিকে এখন প্রাধান্য দিতে চাই।

প্রসঙ্গত, ২০২৩ সালে ফেব্রুয়ারি মাসে ওয়েব সিরিজ 'আরিয়া'র শুটিং চলাকালে হার্ট অ্যাটাকের শিকার হন সুস্মিতা সেন। আর্টারিতে ৯৫ শতাংশ ব্লকেজ থাকার পরও চিকিৎসকদের আপ্রাণ চেষ্টায় মৃত্যুর মুখ থেকে ফিরে আসেন এ অভিনেত্রী।

## প্রভাসের ভক্তরা আমাকে মাফ করবেন: অমিতাভ বচ্চন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের বহুল আলোচিত সিনেমা 'কল্কি ২৮৯৮ এডি' মুক্তি পাবে এ সপ্তাহেই। নাগ অশ্বিন পরিচালিত এ সিনেমায় অভিনয় করেছেন অমিতাভ বচ্চন, কমল হাসন, প্রভাস, দীপিকা পাড়ুকোন-সহ একঝাঁক তারকা। কিন্তু, সিনেমা মুক্তির আগে হঠাৎই প্রভাসের ভক্তদের কাছে ক্ষমা চাইলেন বিগবি।

ভারতীয় বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, সম্প্রতি প্রচারের উদ্দেশ্যে আয়োজিত একটি আলোচনাচক্রে যোগ দেন 'কল্কি'র অভিনেতারা। সেখানে সিনেমার শুরুর দিকের বিভিন্ন ঘটনার উপরে আলোকপাত করেন অমিতাভ।

বিগ বি বলেন, 'নাগ যখন আমার কাছে প্রস্তাব নিয়ে আসে, তখন ওর কাছে আমার এবং প্রভাসের চরিত্রের স্কেচ ছিল।

এরই সঙ্গে অমিতাভ জানান, ছবিতে প্রভাসের সঙ্গে তার প্রচুর অ্যাকশন দৃশ্য রয়েছে। সেখানে অমিতাভ নাকি প্রভাসকে প্রচণ্ড মারছেন। অমিতাভের কথায়, 'প্রভাসের ভক্তরা, দয়া করে আমাকে মাফ করবেন। আমি হাতজোড় করে ক্ষমা চাইছি। এতে আমি যা করেছি, সেটা দেখার পর আমার উপর রেগে যাবেন না।'

'কল্কি'তে ভৈরবের চরিত্রে অভিনয় করেছেন প্রভাস। অন্য দিকে, অমিতাভকে দেখা যাবে অশ্বত্থামার চরিত্রে। প্রায় ৬০০ কোটি রুপি ব্যয়ে তৈরি সিনেমাটি দেশের সবচেয়ে ব্যয়বহুল ছবি হতে চলেছে।

## 'সফলতার শেষ নেই ব্যর্থতাই কখনো চূড়ান্ত নয়'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** তামিল সিনেমার দর্শকপ্রিয় অভিনেতা থালাপাতি বিজয়। অভিনয় ক্যারিয়ারে অনেক ব্যবসাসফল সিনেমা উপহার দিয়েছেন। অভিনয়ের পাশাপাশি নিজেই রাজনৈতিক দলও গঠন করেছেন। আগে থেকেই নানা সামাজিক কার্যক্রমে অংশ নিতেন বিজয়। রাজনৈতিক দল গঠনের পর তা আরও বেড়েছে।

তামিল নাড়ুতে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দিয়েছিলেন বিজয়। সেখানে রাজ্যের নানা পরিস্থিতি নিয়ে যেমন কথা বলেন, তেমনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে সঠিক জীবন গঠনের জন্য পরামর্শমূলক বক্তব্যও দেন বিজয়।

বক্তব্যের শুরুতে থালাপাতি বিজয় বলেন, 'কারণ যাইহোক না কেন, যেকোনো মূল্যেই হোক নিজের পরিচয় হারানো যাবে না। আমি এখন কেন এই কথা বলছি? এর কারণ আমাদের রাজ্যে মাদকের ব্যবহার বেড়ে গেছে। বিশেষ করে তরুণরা মাদকের ব্যবহার বেশি করছেন। একজন বাবা, রাজনীতিবিদ হিসেবে বিষয়টি নিয়ে আমি লজ্জিত। এ দায় সরকারকে নিতে হবে।'

পরীক্ষায় যেসব শিক্ষার্থীরা ভালো ফল করতে পারেনি, তাদের হতাশ না হওয়ার আহ্বান জানিয়ে বিজয় বলেন, 'সফলতার শেষ নেই এবং ব্যর্থতাই কখনো চূড়ান্ত নয়।'

থালাপাতি বিজয় অভিনীত সর্বশেষ মুক্তিপ্রাপ্ত সিনেমা 'লিও'। গত বছরের ১৯ অক্টোবর বিশ্বের ৫ হাজার ৬০০ প্রেক্ষাগৃহে মুক্তি পায় এটি। মুক্তির প্রথম দিনে বিশ্বব্যাপী সবচেয়ে বেশি আয় করা তামিল সিনেমার তালিকায় শীর্ষে জায়গা করে নেয় এটি।

বর্তমানে 'দ্য গ্রেটেস্ট অব অল টাইম' সিনেমার কাজ নিয়ে ব্যস্ত সময় পার করছেন বিজয়। সিনেমাটিতে আরো অভিনয় করছেন মীনাক্ষী চৌধুরী, প্রশান্ত, প্রভু দেবা, স্নেহা, যোগী বাবু প্রমুখ। আগামী ৫ সেপ্টেম্বর সিনেমাটি মুক্তির কথা রয়েছে।

## দেমিরালের উদযাপন নিয়ে অনুসন্ধান করবে উয়েফা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অস্ট্রিয়ার বিপক্ষে ম্যাচে গোল উদযাপনের সময় 'অনুপযুক্ত আচরণ' করার অভিযোগ উঠেছে তুরস্কের মেরিহ দেমিরালের বিরুদ্ধে। যা নিয়ে এরই মধ্যে তদন্ত শুরু করেছে ইউরোপিয়ান ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা উয়েফা।

ইউরোতে গত মঙ্গলবার শেষ ষোলোর ম্যাচে অস্ট্রিয়াকে ২-১ গোলে হারিয়ে কোয়ার্টার-ফাইনালে জায়গা করে নেয় তুরস্ক। দুই অর্ধে দলের দুটি গোলই করেন ডিফেন্ডার দেমিরাল।

ম্যাচের ৫৯তম মিনিটে দ্বিতীয় গোলটি করার পর উদযাপনের সময় দুই হাত দিয়ে একটি প্রতীক তৈরি করতে দেখা যায় দেমিরালকে। যা তুরস্কের উগ্র-জাতীয়তাবাদী সংগঠনের সঙ্গে সম্পর্কিত। যারা 'গ্রে উলভস' নামে বেশি পরিচিত। উয়েফা বুধবার (০৩ জুলাই) নিশ্চিত করেছে, দেমিরালের বিরুদ্ধে তদন্তের জন্য একজন ইন্সপেক্টর নিয়োগ দিয়েছে তারা। কবে নাগাদ এই তদন্ত শেষ হতে পারে, সেটা উল্লেখ করা হয়নি। দোষী সাব্যস্ত হলে নিষিদ্ধ হতে পারেন বা জরিমানা করা হতে পারে দেমিরালকে। সেমি-ফাইনালে ওঠার লড়াইয়ে আগামী শনিবার বার্লিনে নেদারল্যান্ডসের বিপক্ষে লড়বে তুরস্ক।

এর আগে, ২০১৯ সালে সিরিয়ায় সামরিক অভিযান চালানোর সময় খেলার মাঝেই একসঙ্গে সামরিক স্টাইলে স্যালুট দেওয়ার জন্য তিরস্কার করা হয়েছিল তুরস্কের ১৬ খেলোয়াড়কে। ওই দলের একজন ছিলেন দেমিরালও।

'গ্রে উলভস' গ্রুপকে ফ্রান্সে নিষিদ্ধ করা হয়েছে। এছাড়া অস্ট্রিয়ায় 'গ্রে উলফ স্যালুট' ব্যবহার নিষিদ্ধ।

## এখনই হতাশ না হওয়ার অনুরোধ ব্রাজিল কোচের!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্রাজিল ফুটবল দুনিয়ার সর্বশ্রেষ্ঠ দল কিনা, তা নিয়ে তর্ক হতে পারে। কিন্তু ফুটবলে তাদের আধিপত্য নিয়ে কথা বলার ধৃষ্টতা হয়তো সমালোচকরাও দেখাবে না। যে কোনো টুর্নামেন্টে ব্রাজিলের খেলা মানেই সেখানে লক্ষ্য একটা; শিরোপা। রানার্সআপ হওয়াটাও সেলেসাওদের জন্য অপরাধ সমর্থকদের দৃষ্টিতে। তবে কোপার গ্রুপ পর্ব ব্রাজিল শিবিরের যা অবস্থা, তাতে স্বস্তিতে থাকার উপায় নেই কোচ দরিভাল জুনিয়রের। কোস্টারিকার বিপক্ষে কোনরকমে ড্র, প্যারাগুয়ের বিপক্ষে জয়, এরপর আবারও কলম্বিয়ার বিপক্ষে কষ্টার্জিত ড্র, এই পারফরম্যান্স আর যাই হোক ব্রাজিলের সঙ্গে যায় না। তাই স্বাভাবিকভাবেই সমর্থকদের ক্ষিপ্ত প্রতিক্রিয়াগুলোর সহজ টার্গেট এখন দরিভাল জুনিয়র।

এই আলোচনা-সমালোচনায় দোষ দেখছেন না সেলেসাও বস। তিনি বরং আহ্বান জানালেন এখনই হতাশ না হতে। দরিভাল বলেন, 'এটা একটা চলমান প্রক্রিয়া। আপনি হঠাৎ করে বড় লাফ দিতে পারবেন না। ধাপে ধাপে এগোতে হবে। আমি কোপার আগে মাত্র চারটি ম্যাচ পেয়েছি দলটাকে চেনার জন্য। তাই সময় লাগছে। তবে, কথা দিচ্ছি ব্রাজিল ফুটবল আপনাদের হতাশ করবে না। আমরা মৌলিক কাজগুলো করছি, আশা করবো ফলাফল পক্ষে আসবে।'

# বিশ্বকাপ মাতিয়ে টি-টোয়েন্টির শীর্ষ অলরাউন্ডার পান্ডিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্যাটে-বলে দুর্দান্ত পারফরম্যান্সে ভারতের বিশ্বকাপ জয়ে অবদান রেখে আইসিসি টি-টোয়েন্টি র‍্যাঙ্কিংয়েও পুরস্কার পেলেন হার্দিক পান্ডিয়া। ক্যারিয়ারে প্রথমবার অলরাউন্ডারদের মধ্যে এক নম্বরে উঠলেন তিনি, যৌথভাবে ওয়ানিন্দু হাসারাঙ্গার সঙ্গে।

পুরুষ ক্রিকেটারদের র‍্যাঙ্কিংয়ের হালনাগাদ যথারীতি বুধবার (০৩ জুলাই) প্রকাশ করেছে আইসিসি। টি-টোয়েন্টির অলরাউন্ডারদের তালিকায় দুইধাপ এগিয়ে এখন ভারতের প্রথম ক্রিকেটার হিসেবে চূড়ায় পান্ডিয়া।

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ফাইনালে গুরুত্বপূর্ণ সময়ে হাইনরিখ ক্লাসেন ও ডেভিড মিলারের উইকেট নেন পান্ডিয়া। এছাড়া আসরজুড়ে ব্যাটে-বলে দারুণ অবদান রাখেন তিনি। দেড়শর বেশি স্ট্রাইক রেটে করেন ১৪৪ রান ও বল হাতে নেন ১১ উইকেট। প্রায় ১৭ বছর পর টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের শিরোপা জয়ে বড় অবদান রাখা পান্ডিয়ার রেটিং এখন ২২২। সমান রেটিং পয়েন্ট শ্রীলঙ্কার হাসারাঙ্গারও। এ নিয়ে সবশেষ তিন সপ্তাহে ভিন্ন তিনজনকে অলরাউন্ডার র‍্যাঙ্কিংয়ের চূড়ায় দেখল ক্রিকেট বিশ্ব। গত সপ্তাহের হালনাগাদে এক নম্বরে ছিলেন হাসারাঙ্গা। তার আগের সপ্তাহে শীর্ষে উঠেছিলেন অস্ট্রেলিয়ার মার্কাস স্টয়নিস।

দুই সপ্তাহের মধ্যে শীর্ষস্থান হারিয়ে আপাতত তিন নম্বরে স্টয়নিস। পরের দুটি জায়গায় জিম্বাবুয়ের সিকান্দার রাজা ও বাংলাদেশের সাকিব আল হাসান। মোহাম্মদ নাবির ৪ ধাপ পতনের সৌজন্যে গত এক সপ্তাহে কোনো ম্যাচ না খেলেও ১ ধাপ এগিয়েছেন সাকিব।

বোলারদের মধ্যে ৭১৮ রেটিং নিয়ে শীর্ষস্থান ধরে রেখেছেন ইংল্যান্ডের আদিল রাশিদ। ৭ ধাপ লাফিয়ে ক্যারিয়ার সেরা দুই নম্বরে উঠেছেন দক্ষিণ আফ্রিকার গতিময় পেসার আনরিক নরকিয়া। তার নামের পাশে ৬৭৫ রেটিং।

বিশ্বকাপের সেরা খেলোয়াড়ের পুরস্কার জেতা জাসপ্রিত বুমরাহ এগিয়েছেন ১২ ধাপ। ৬৪০ রেটিং নিয়ে আপাতত ১২ নম্বরে আছেন ভারতীয় পেসার। তার সতীর্থ বাঁহাতি রিস্ট স্পিনার কুলদিপ ইয়াদাভ ৩ ধাপ এগিয়ে উঠেছেন আট নম্বরে।

এছাড়া টুর্নামেন্টের সর্বোচ্চ ১৭ উইকেট নেওয়া বাঁহাতি পেসার আর্শদিপ সিং ৪ ধাপ এগিয়ে ক্যারিয়ার সেরা ১৩ নম্বরে উঠেছেন। দক্ষিণ আফ্রিকার বাঁহাতি রিস্ট স্পিনার তাব্রেইজ শামসি ৫ ধাপ এগিয়ে উঠেছেন ১৫ নম্বরে।

ব্যাটসম্যানদের মধ্যে সেরা দশে তেমন কোনো পরিবর্তন নেই। ৮৪৪ রেটিং নিয়ে শীর্ষস্থান অক্ষুণ্ণ রেখেছেন ট্রাভিস হেড। তার চেয়ে ৬ পয়েন্ট পিছিয়ে দুইয়ে সুরিয়াকুমার ইয়াদাভ। ২ ধাপ পিছিয়ে দশে নেমেছেন দক্ষিণ আফ্রিকা অধিনায়ক এইডেন মার্করাম।

# কোপা আমেরিকা: জিতেও কোস্টারিকার বিদায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকার 'ডি' গ্রুপে নিজেদের শেষ ম্যাচে বুধবার সকালে প্যারাগুয়েকে ২-১ গোলে হারিয়েছে কোস্টারিকা। কিন্তু ব্রাজিল ১-১ গোলে কলম্বিয়ার সঙ্গে ড্র করায় শেষ আটে যাওয়া হয়নি ট্রাইকালারদের। ব্রাজিলের চেয়ে মাত্র ১ পয়েন্টে পিছিয়ে থেকে বিদায় নিয়েছে কোপা আমেরিকার ৪৮তম আসর থেকে।

অবশ্য সমীকরণ ছিল এই ম্যাচে কোস্টারিকা ৩-০ কিংবা তার বেশি ব্যবধানে জয় পেলে এবং ব্রাজিল কলম্বিয়ার কাছে হেরে গেলে, কোয়ার্টার ফাইনালে যেতে পারতো লস টিকোসরা। কিন্তু সেই সমীকরণ মেলাতে পারেনি তারা। নিজেরা যেমন জিততে পারেনি ৩-০ কিংবা তার বেশি ব্যবধানে, তেমনি ব্রাজিলও হার মানেনি কলম্বিয়ার কাছে। তাতে শেষটা জিতেও গ্রুপপর্ব থেকেই বিদায় নিতে হলো কোস্টারিকাকে।

এদিন প্যারাগুয়ের বিপক্ষে সূচনাটা দারুণ করেছিল কোস্টারিকা। তৃতীয় মিনিটে ফ্রান্সিসকো কালভো ও সপ্তম মিনিটে জোসিমার আলকোসের গোল করে শুরুতেই দলকে ২-০ ব্যবধানে এগিয়ে নেন। তাদের গোলে ভর করে একই ব্যবধানে এগিয়ে থেকে প্রথমার্ধের খেলা শেষ করে কোস্টারিকা। বিরতির পর অবশ্য প্যারাগুয়ে নিজেদের দারুণভাবে গুছিয়ে নেয়। এই অর্ধে কোস্টারিকাকে আর কোনো গোলের দেখা পেতে দেয়নি। পাশাপাশি ৫৫ মিনিটে প্যারাগুয়ের রামোন সোসা একটি গোল শোধ দেন। শেষ পর্যন্ত ২-১ গোলের জয় পেয়েও বিদায় নেয় কোস্টারিকা। আর ৩ ম্যাচ খেলে কোনো পয়েন্ট সংগ্রহ না করে প্যারাগুয়েও শেষ করে এবারের আসর।

## মাটি খাওয়ার কারণ জানালেন রোহিত



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপের ফাইনাল ম্যাচ ততক্ষণে শেষ। ভারতীয় দলের সবাই তখন শিরোপা নিয়ে উদযাপনে ব্যস্ত। ঠিক তখনই এক অদ্ভুত কাণ্ড করলেন ভারতের সদ্য বিশ্বকাপজয়ী অধিনায়ক রোহিত শর্মা। ফাইনাল ম্যাচটি যে পিচে হয়েছে সেখানে গেলেন এবং একটু মাটি আঙুল দিয়ে তুলে নিয়ে মুখের ভেতর নিয়ে নিলেন!

পরদিন আইসিসির সামাজিক যোগাযোগমাধ্যমে এই ভিডিও প্রকাশ পেতেই শুরু হয়ে যায় আলোচনার ঝড়। কেন এই কাজ করেছিলেন রোহিত? ঠিক কোন ভাবনা থেকে এই আজব কাজটি করলেন তিনি? এই প্রশ্ন ছড়িয়ে পড়ে অন্তর্জালে। সেই প্রশ্নের জবাবটা ভারতীয় ক্রিকেট বোর্ডের এক ভিডিওতে দিলেন রোহিত নিজেই।

তিনি বলেন, 'আগে থেকে কিছুই ঠিক করিনি। এই মুহূর্তটা উপভোগ করছিলাম। পিচটা আমাদের টি-টোয়েন্টি বিশ্বকাপ দিয়েছে। এই মাঠ, এই পিচ আমি ভুলতে পারব না। তাই এর একটা অংশ আমি নিজের কাছে রাখতে চেয়েছিলাম। এই মুহূর্তগুলো খুবই স্পেশাল। আমার স্বপ্ন সত্যি হয়েছিল। আমি কিছু একটা নিয়ে যেতে চাইছিলাম। সেই কারণেই মাটি খেয়েছিলাম।'

টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে দক্ষিণ আফ্রিকাকে ৭ রানে হারিয়েছিল ভারত। তবে এক পর্যায়ে মনে হচ্ছিল প্রোটিয়ারা বুঝি ম্যাচটা বের করেই নিচ্ছে। ৩০ বলে ৩০ রান দরকার ছিল তাদের। সে পরিস্থিতি থেকে শেষমেশ ম্যাচটা ৭ রানে জিতেছে ভারত।

ম্যাচটা এখনও মন থেকে মুছে ফেলতে পারছেন না রোহিত, 'বিশ্বাস করাটা কঠিন। স্বপ্ন-স্বপ্ন মনে হচ্ছে। সত্যিই আমরা বিশ্বকাপ জিতেছি, কিন্তু সেটা বিশ্বাস করতে পারছি না। এটাই আবেগ। মনের মধ্যে এটাই চলছে।'

উদযাপনের মধ্যমণি রোহিত, মাঝে শুয়ে আছেন, চোখেমুখে তৃপ্তির ছাপ। এমন এক ছবি পোস্ট করেছিলেন সামাজিক যোগাযোগমাধ্যমে। রোহিত জানালেন, এটাই এখন তার মানসিক পরিস্থিতি। তিনি বলেন, 'এই ছবিটাই বুঝিয়ে দেয় আমার মানসিক অবস্থা কী। অনেক কথা বলতে ইচ্ছে করছে, কিন্তু মুখে কিছুই আনতে পারছি না। ওই শনিবারটা আমার কাছে কী, সেটা আমি ভাষায় প্রকাশ করতে পারব না। দ্রুতই আমি সেসব নিয়ে বলব। তবে এখন আমি আর সবার মতোই স্বপ্নের জগতে আছি।'

# কোয়ার্টার ফাইনাল শেষ ভিনিসিয়ুস জুনিয়রের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তিন ম্যাচে দুই ড্র নিয়ে অনেকটা খুঁড়িয়ে খুঁড়িয়ে কোপা আমেরিকার শেষ আট নিশ্চিত করল ব্রাজিল। 'ডি' গ্রুপে নিজেদের শেষ ম্যাচেও জয় পায়নি তারা। আজ বুধবার সকালে গ্রুপসেরা কলম্বিয়ার সঙ্গে ড্র করেছে ১-১ গোলে। তাতে পয়েন্ট ভাগাভাগি করে কোস্টারিকাকে পেছনে ফেলে কোয়ার্টার ফাইনালে জায়গা করে নিয়েছে ব্রাজিল। এ নিয়ে ৩৪তম বারের মতো শেষ আটে জায়গা করে নিলো সেলেসাওরা। তবে টানা দুই ম্যাচ হলুদ কার্ড হজম করে কোয়ার্টার ফাইনাল থেকে ছিটকে গেছেন ভিনিসিয়ুস জুনিয়র। কোপার নকআউট পর্বের গুরুত্বপূর্ণ ম্যাচে তাই রিয়াল মাদ্রিদের এই তারকাকে ছাড়াই পরিকল্পনা সাজাতে হবে কোচ দোরিভাল জুনিয়রকে।

আগের ম্যাচে প্যারাগুয়ের বিপক্ষে ম্যাচে ৮৩ মিনিটে হলুদকার্ড দেখেছিলেন ভিনিসিয়ুস জুনিয়র। প্যারাগুয়ের বিপক্ষে সেই ম্যাচে শুধু ভিনিই না, কার্ড দেখেছেন এডার মিলিটাও, ভেন্ডেল ও লুকাস পাকেতার মতো তারকারা।

# আর্জেন্টিনার অলিম্পিক দলে বিশ্বকাপজয়ী চারজন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২২ কাতার বিশ্বকাপজয়ী চার ফুটবলারকে সঙ্গে নিয়ে প্যারিস অলিম্পিকে সোনা পুনরুদ্ধার অভিযানে নামবে আর্জেন্টিনা। তবে এই চারজনের তালিকায় লিওনেল মেসি, আনহেল দি মারিয়া ও এমিলিয়ানো মার্তিনেসের নাম নেই।

বিভিন্ন সময়ে এই তিনজনের অলিম্পিকে খেলার বিষয়টি গণমাধ্যমে এসেছে। চোটের সঙ্গে লড়াই করা মেসি ব্যস্ত থাকবেন ইন্টার মায়ামিতে। অলিম্পিক নয়, কোপা আমেরিকা দিয়েই বিদায় বলবেন দি মারিয়া। আর গোলরক্ষক এমিলিয়ানোকে ছাড়পত্র দেয়নি তার ক্লাব অ্যাস্টন ভিলা।

অভিজ্ঞ এই তিন তারকাকে ১৮ সদস্যের দলে না পেলেও বিশ্বকাপজয়ী দলের গোলরক্ষক গেরোনিমো রুলি, ডিফেন্ডার নিকোলাস ওতামেন্দি ও ফরোয়ার্ড হুলিয়ান আলভারেজ এবং থিয়াগো আলমাদাকে পাচ্ছেন কোচ হাভিয়ের মাচেরানো।

প্রথম তিনজন সুযোগ পেয়েছেন সিনিয়র সদস্য হিসেবে। অলিম্পিকের ফুটবল বিভাগে সাধারণত অনূর্ধ্ব২৩ বছর বয়সী দল খেললেও কোচ চাইলে এর চেয়ে বেশি বয়সের তিনজন খেলোয়াড়কে দলে নিতে পারেন। আর এই কোটাতেই সুযোগ পেয়েছেন রুলি, ওতামেন্দি ও আলভারেজ। সম্প্রতি ম্যানসিটির সঙ্গে চুক্তি করা ক্লদিও এচিভেরিকেও দলে রেখেছেন কোচ।

আগামী ২৬ জুলাই শুরু হবে প্যারিস অলিম্পিক, তবে ফুটবল মাঠে গড়াবে আরও দুই দিন আগে থেকে। বৈশ্বিক এই আসর শেষ হবে ১১ অগাস্ট। 'বি' গ্রুপে আর্জেন্টিনার সঙ্গী মরক্কো, ইউক্রেন ও ইরাক।

খেলোয়াড়ি জীবনে দুবার অলিম্পিক গোল্ড জিতেছেন মাচেরানো (২০০৪ ও ২০০৮ সালে)। এবার কোচ হিসেবে এই স্বাদ পাওয়ার অপেক্ষায় সাবেক এই তারকা।

স্কোয়াড: গোলরক্ষক: গেরোনিমো রুলি (আয়াক্স) এবং লেয়ান্দ্রো ব্রেয় (বোকা জুনিয়র্স)।

ডিফেন্ডার: ব্রুনো আমিওনে (সান্তোস লাগুনা), মার্কো ডি সিসারে (রেসিং), নিকোলাস ওতামেন্দি (বেনফিকা), গনসালো লুজান (সান লরেনৎসো), হুয়াকিন গার্সিয়া (ভেলেজ) এবং হুলিও সোলের (লানুস)।

মিডফিল্ডার: সান্তিয়াগো হেজে (অলিম্পিয়াকোস), ক্রিস্টিয়ান মেদিনা (বোকা জুনিয়র্স), এজেকুয়েল ফার্নান্দেজ (বোকা জুনিয়র্স), কেভিন জেনোন (বোকা জুনিয়র্স), ক্লদিও এচেভেরি (রিভার প্লেট) এবং থিয়াগো আলমাদা (আটালান্টা ইউনাইটেড)।

ফরোয়ার্ড: লুসিয়ানো গোন্দো (আর্জেন্টিনোস জুনিয়র্স), হুলিয়ান আলভারেজ (ম্যানচেস্টার সিটি), গিওলিয়ানো সিমিওনে (আতলেতিকো মাদ্রিদ), লুকাস বেলট্রান (ফিওরেন্তিনা)।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR